নুশিন ইলেকট্রনিক্স
প্রোঃ মোঃ রেদওয়ান

এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।
স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর। মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫

দৈনিক চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত
শুক্রবার
রেজিঃ নং-চ-৫১৩
১৬ অক্টোবর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-৭৩
৩১ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
৩ জমা: আউয়াল ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা
E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

মেঘনায় দেদারছে চলছে ইলিশ শিকার

বিশেষ প্রতিনিধি

সরকারের ২২ দিনের নিষেধাজ্ঞা উপেক্ষা করে মতলব উত্তরের মেঘনায় চলছে দেদারছে ইলিশ শিকার। দুর্গম চরাঞ্চল ও বিভিন্ন ঘাটে অস্থায়ী হাট বসিয়ে প্রকাশ্যেই বিক্রি করা হচ্ছে তাজা ইলিশ। যার একটি বড় অংশে রয়েছে ডিমওয়ালা ইলিশও।

স্থানীয়দের অভিযোগ, পুলিশ প্রশাসনকে ম্যানেজ করেই অবাধে এই মাছ শিকার চলছে। মাছের উচ্চ চাহিদা, ভালো দাম ও অধিক লাভের আশায় একশ্রেণির অসাধু জেলে ও মৌসুমি ব্যবসায়ী নিষেধাজ্ঞা অমান্য করে বেপরোয়া হয়ে উঠেছেন। নদীর বিভিন্ন পয়েন্ট থেকে ট্রলারে করে মাছ এনে সরাসরি ঘাটে বিক্রি করা হচ্ছে। কোথাও কোথাও জেলেরা মাছ বিক্রির জন্য বসাচ্ছেন খুচরা বাজার। মাছ কেনাবেচাকে কেন্দ্র করে নদীর পাড়ে গড়ে উঠেছে অস্থায়ী হাট।

নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক জেলে জানান, এবারের বাজারে ইলিশের ভালো দাম থাকায় এবং পেটে ডিমসহ মা ইলিশ ধরা পড়ায় জীবিকার তাগিদে তারা ঝুঁকিপূর্ণ এই পেশায় নামতে বাধ্য হচ্ছেন। সরকারিভাবে যে চাল সহায়তা দেয়া হয়, তা দিয়ে সংসার চলে না এবং প্রকৃত জেলেদের অনেকে সেই সহায়তা থেকেও বঞ্চিত হন বলে অভিযোগ করেন তারা।

মা ইলিশের প্রজনন মৌসুমে মাছ ধরা বন্ধ রাখার মূল উদ্দেশ্য হলো মা ইলিশকে নির্বিঘ্নে ডিম ছাড়ার সুযোগ করে দেয়া এবং ইলিশের বংশবৃদ্ধি নিশ্চিত করা। স্থানীয়দের ● ২-এর পাতায় দেখুন

দুর্গাপূজায় পূর্ণ নিরাপত্তা নিশ্চিতের আহ্বান বিরোধীদলীয় নেতার

দিগন্ত ডেস্ক

শারদীয় দুর্গাপূজায় হিন্দু সম্প্রদায়ের মানুষের পূর্ণ নিরাপত্তা নিশ্চিত করতে সরকার ও সংশ্লিষ্ট আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতি কার্যকর ব্যবস্থা গ্রহণের আহ্বান জানিয়েছেন বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা: শফিকুর রহমান।

বৃহস্পতিবার (১৫ অক্টোবর) শারদীয় দুর্গাপূজা-২০২৬ উপলক্ষে দেয়া এক বিবৃতিতে তিনি এ আহ্বান জানান। বিবৃতিতে ডা: ● ২-এর পাতায় দেখুন

পদ্মায় ২ কোটি টাকার চালসহ ট্রলারডুবি
সর্বস্ব হারিয়ে দিশেহারা চাঁদপুর পুরাণবাজারের ৮ ব্যবসায়ী

স্টাফ রিপোর্টার

নৌপথে চাঁদপুরে চাল পৌঁছানোর আগেই পদ্মা নদীতে ঘটে গেল এক মর্মান্তিক ট্রলারডুবির ঘটনা।পাবনা, দিনাজপুর ও রাজবাড়ী অঞ্চল থেকে আনা চাঁদপুর পুরাণ বাজারের ৮ জন চাল ব্যবসায়ীর প্রায় দেড় কোটি টাকারও বেশি মূল্যের বিপুল পরিমাণ চাউল এখন পদ্মার গ্রাসে তলিয়ে গেছে পানির নিচে । আকস্মিক এই দুর্ঘটনায় সর্বস্ব হারিয়ে মারাত্মক আর্থিক ক্ষতির মুখে পড়েছেন ভুক্তভোগী ব্যবসায়ীরা। পাবনা ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে দুস্থ-অসহায় ও অসুস্থ ব্যক্তিদের মাঝে অনুদানের চেক বিতরণ করছেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহমেদ মানিক।

চাঁদপুরে দুস্থ-অসহায় ও অসুস্থ ব্যক্তিদের মাঝে অনুদানের চেক বিতরণ
এ অর্থ নিজেদের প্রয়োজন অনুযায়ী সঠিকভাবে কাজে লাগাবেন
----শেখ ফরিদ আহমেদ মানিক এমপি

স্টাফ রিপোর্টার

চাঁদপুর-৩ আসনের শতাধিক দুস্থ অসহায় ও অসুস্থদের মাঝে চেক বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার (১৫ অক্টোবর) সকাল ১১টায় শহরের মুনিরা ভবনে দুস্থ অসহায় ও অসুস্থদের মাঝে প্রধান অতিথি হিসেবে চেক বিতরণ করেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহমেদ মানিক।

তিনি তার বক্তব্যে বলেন, আপনারা এখনই এই চেক নিয়ে সোনালী ব্যাংকে যাবেন, ব্যাংক থেকে আপনাদের টাকা দিয়ে ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে পুলিশের অভিযানে গ্রেপ্তারকৃত জেলেরা।

কচুয়ায় ৩৯ পূজামণ্ডপে শেষ মুহূর্তের প্রস্তুতি

কচুয়া প্রতিনিধি

কচুয়া উপজেলায় শারদীয় দুর্গোৎসবকে ঘিরে সনাতন ধর্মাবলম্বীদের মধ্যে বিরাজ করছে উৎসবের আমেজ। উপজেলার ১২টি ইউনিয়ন ও পৌরসভায় ৩৯টি পূজামণ্ডপে দুর্গাপূজার আয়োজন করা হয়েছে। ইতোমধ্যে অধিকাংশ মণ্ডপে প্রতিমা নির্মাণের কাজ শেষ হয়েছে। এখন রঙের শেষ আঁচড়ে দেবী দুর্গাসহ অন্যান্য প্রতিমাকে সাজিয়ে তুলতে ব্যস্ত সময় পার করছেন শিল্পীরা।

মহালয়ার মধ্য দিয়ে দেবীপক্ষের সূচনা হয়েছে। দুর্গোৎসবের ক্ষণ যত ঘনিয়ে আসছে, ততই বাড়ছে ● ২-এর পাতায় দেখুন

হাইমচরে ইয়াবাসহ গ্রেফতার ৩

হাইমচর প্রতিনিধি

হাইমচরে বিশেষ অভিযান চালিয়ে ৫ পিস ইয়াবাসহ ৩ মাদক কারবারিকে গ্রেপ্তার করেছে হাইমচর থানা পুলিশ।

গ্রেপ্তারকৃতরা হলেন– উপজেলার পূর্ব চরকৃষ্ণপুর গ্রামের মোঃ আলমগীর হাওলাদারের ছেলে মোঃ জুম্মন (২২), দক্ষিণ আলগী গ্রামের আব্দুল ছাত্তার ভূঁইয়ার ছেলে সাব্বির হোসেন (২৩) এবং পূর্ব চরকৃষ্ণপুর গ্রামের ওমর ফারুকের ছেলে নাজিম উদ্দিন (২৩)।

পুলিশ জানায়, হাইমচর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ শাহ্ আলম, পিপিএম-সেবা এর ● ২-এর পাতায় দেখুন

শাহরাস্তিতে গাঁজাসহ গ্রেফতার ৪

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তিতে মাদকবিরোধী পৃথক অভিযান চালিয়ে ৫০ গ্রাম গাঁজাসহ চারজনকে গ্রেপ্তার করেছে শাহরাস্তি মডেল থানা পুলিশ। বৃহস্পতিবার (১৫ অক্টোবর) উপজেলার রায়শ্রী উত্তর ও টামটা দক্ষিণ ইউনিয়নে এসব অভিযান পরিচালনা করা হয়।

পুলিশ সূত্রে জানা যায়, শাহরাস্তি মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) মীর মাহবুবুর রহমানের তত্ত্বাবধানে মাদক উদ্ধার ও মাদকবিরোধী অভিযানের অংশ হিসেবে পুলিশের পৃথক দুটি দল এ ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে ২১ জেলে গ্রেপ্তার, ১০ মণ ইলিশ জব্দ

শহর প্রতিনিধি

মা ইলিশ সংরক্ষণ ও প্রজনন নির্বিঘ্ন রাখতে চাঁদপুরের পদ্মা-মেঘনায় বিশেষ অভিযান পরিচালনা করেছে নৌ থানা পুলিশ।

বুধবার (১৪ অক্টোবর) রাতভর অভিযানে নিষিদ্ধ সময়ে মা ইলিশ শিকারে জড়িত থাকার অভিযোগে ২১ জেলেকে গ্রেপ্তার করা হয়েছে। এ সময় ৬টি ইঞ্জিনচালিত নৌকা, ১০ মণ ইলিশ এবং ১২ হাজার মিটার অবৈধ কারেন্ট জাল জব্দ করা হয়।

বৃহস্পতিবার (১৫ অক্টোবর) দুপুরে এ তথ্য নিশ্চিত করেন চাঁদপুর সদর নৌ থানার অফিসার ইনচার্জ মো. আজমগীর হোসাইন। নৌ পুলিশ চাঁদপুর অঞ্চলের পুলিশ সুপার সৈয়দ মুশফিকুর রহমানের নেতৃত্বে এবং চাঁদপুর সদর নৌ থানার ● ২-এর পাতায় দেখুন

ইতিহাসে ১৬ অক্টোবর

১৯৪৩ সালে বাংলায় ঘূর্ণিঝড়ে ও জলোচ্ছ্বাসে ৪০ হাজার লোকের জীবনাবসান ঘটে। ১৯৪৫ সালে কানাডার কুইবেকে, জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (ঋঅঙ) প্রতিষ্ঠিত হয়। ১৯৬৪ সালে চীনে প্রথমবারের মতো পারমাণবিক বোমার বিস্ফোরণ হয়। ১৯৭৩ সালে বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি দেয় জর্ডান। এইদিন বিশ্ব খাদ্য দিবস এবং বিশ্ব অ্যানাস্থেসিয়া দিবস পালিত হয়।

বিশ্ব সাদাছড়ি নিরাপত্তা দিবস উপলক্ষে দৃষ্টিপ্রতিবন্ধীদের মাঝে স্মার্ট সাদাছড়ি বিতরণ করছেন চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমানসহ অন্যান্যরা।

চাঁদপুরে সাদা ছড়ি নিরাপত্তা দিবস পালিত
দৃষ্টিপ্রতিবন্ধী ব্যক্তিরা যেন তাঁদের মেধা ও প্রজ্ঞা দিয়ে সমাজে অবদান রাখতে পারেন
-----জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান

নিজস্ব প্রতিবেদক

চাঁদপুর জেলা প্রশাসন, চাঁদপুর সমাজসেবা অধিদফতর, চাঁদপুর প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের আয়োজনে এবং বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ ও জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের সহযোগিতায় বিশ্ব সাদাছড়ি নিরাপত্তা দিবস ২০২৬ উপলক্ষে শোভাযাত্রা, আলোচনা সভা ও স্মার্ট সাদাছড়ি বিতরণ অনুষ্ঠিত হয়েছে?

১৫ অক্টোবর (বৃহস্পতিবার) সকাল ১০টায় চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমানের নেতৃত্বে জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গন থেকে শোভাযাত্রা শুরু হয়ে সড়ক প্রদক্ষিণ করে ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুর পৌরসভায় বেওয়ারিশ কুকুরের জলাতঙ্ক রোগের ভেক্সিন প্রদান সংক্রান্ত সভায় বক্তব্য রাখছেন চাঁদপুর পৌর প্রশাসক দেবাশীষ চৌধুরী।

চাঁদপুর পৌরসভায় বেওয়ারিশ কুকুরের জলাতঙ্ক রোগের ভেক্সিন প্রদান সংক্রান্ত সভা

নিজস্ব প্রতিবেদক

চাঁদপুর পৌরসভার অর্থায়ন ও ব্যবস্থাপনায় বেওয়ারিশ কুকুরের জলাতঙ্ক রোগের ভেক্সিন প্রদান সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৫ অক্টোবর) চাঁদপুর স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালকের কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতির বক্তব্য রাখেন চাঁদপুর পৌরসভার প্রশাসক ও চাঁদপুর স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক দেবাশীষ চৌধুরী। তিনি বলেন, চাঁদপুর পৌর সভায় ● ২-এর পাতায় দেখুন

দৈনিক চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta — সত্য প্রকাশে অবিচল

নিয়োগ বিজ্ঞপ্তি

ক্রমিক	পদবী	শিক্ষাগত যোগ্যতা	বেতন
০১	সহকারী ম্যানেজার (মার্কেটিং)	এইচএসসি/ সমমান	আলোচনা সাপেক্ষে
০২	কম্পিউটার অপারেটর (অনলাইনে অভিজ্ঞ অগ্রাধিকার)	এইচএসসি/ সমমান	
০৩	উপজেলা সংবাদদাতা (চাঁদপুর সদর, মতলব দক্ষিণ ও কচুয়া)	এইচএসসি/ সমমান	
০৪	শিক্ষানবিশ রিপোর্টার (চাঁদপুর সরকারী কলেজ, পুরান বাজার ডিগ্রি কলেজ সহ জেলার গুরুত্বপূর্ণ কলেজে প্রয়োজন।)	এইচএসসি/ সমমান	
০৫	অফিস সহায়ক	৮ম শ্রেণী	

আগ্রহী প্রার্থীগণ আগামী ১৫ দিনের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র ও ২(দুই) কপি পাসপোর্ট সাইজ ছবিসহ সম্পাদক ও প্রকাশক বরাবর আবেদন জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

যোগাযোগের ঠিকানা
দৈনিক চাঁদপুর দিগন্ত
মিয়াজীয় ম্যানশন (৩য় তলা), নতুনবাজার মোড়, চাঁদপুর।
মোবাইল: ০১৭১৫৯২৪৩০৮

চাঁদপুর পাসপোর্ট অফিসে এমপি মানিকের ঝটিকা অভিযান, আটক ৩

শহর প্রতিনিধি

চাঁদপুর আঞ্চলিক পাসপোর্ট অফিসে দালালদের দৌরাত্ম্য ও সেবার মান যাচাই করতে ঝটিকা অভিযান চালিয়েছেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহমেদ মানিক।

এ সময় পাসপোর্ট অফিসে দালালির সঙ্গে জড়িত থাকার অভিযোগে তিনজনকে হাতেনাতে আটক করে পুলিশের হাতে তুলে দেন তিনি।

বৃহস্পতিবার (১৫ অক্টোবর) দুপুরে পাসপোর্ট অফিস পরিদর্শনে গিয়ে কর্মকর্তা-কর্মচারী ও সেবা নিতে আসা সাধারণ মানুষের সঙ্গে কথা বলেন সংসদ সদস্য। এ সময় পাসপোর্ট সেবা নিতে গিয়ে কেউ হয়রানি, অনিয়ম কিংবা দুর্নীতির শিকার হচ্ছেন কি না, তা জানতে চান তিনি।

পরে শেখ ফরিদ আহমেদ মানিক বলেন, পাসপোর্ট অফিসে এসে যা দেখলাম, আসলেই এখানকার পরিবেশ ভালো না। দেশের উন্নয়ন ● ২-এর পাতায় দেখুন

বাবুরহাটে ১ হাজার ৬৯৬ কেজি নিষিদ্ধ পলিথিন জব্দ

শহর প্রতিনিধি

বাবুরহাট বাজারে জেলা প্রশাসন ও পরিবেশ অধিদপ্তরের যৌথ অভিযানে ১ হাজার ৬৯৬ কেজি নিষিদ্ধ পলিথিন জব্দ করা হয়েছে। এ ঘটনায় তিন ব্যবসায়ীকে মোট ১ লাখ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

জব্দ করা পলিথিনের আনুমানিক বাজারমূল্য প্রায় ৪ লাখ টাকা।

বৃহস্পতিবার (১৫ অক্টোবর) জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. রহমত উল্লাহর নেতৃত্বে অভিযান পরিচালিত হয়। অভিযানে প্রসিকিউশন দেন পরিবেশ অধিদপ্তর চাঁদপুর জেলা কার্যালয়ের পরিদর্শক শরমিতা আহমেদ লিয়া।

অভিযানে বাবুরহাট মধ্যবাজারের বাবুরহাট প্লাজার ব্যবসায়ী বশির পাটোয়ারীর কাছ থেকে ১ হাজার ৫৮৩ কেজি নিষিদ্ধ পলিথিন জব্দ করা হয়। এ অপরাধে তাঁকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। এ ছাড়া মো. মাহবুবের দোকান থেকে ৪৩ কেজি পলিথিন জব্দ করে ২৫ ● ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জ ডিগ্রি কলেজে একাদশ শ্রেণীর নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন সংসদ সদস্য ইঞ্জিনিয়ার মোঃ মমিনুল হক।

একাদশ শ্রেণীর নবীন বরণ অনুষ্ঠান
হাজীগঞ্জ ডিগ্রি কলেজ জাতীয়করণের জন্য ডিও লেটার জমা দিয়েছি
------সংসদ সদস্য ইঞ্জিনিয়ার মোঃ মমিনুল হক

হাজীগঞ্জ প্রতিনিধি

চাঁদপুর-৫ (হাজীগঞ্জ-শাহরাস্তি) নির্বাচনী আসনের সংসদ সদস্য ইঞ্জিনিয়ার মোঃ মমিনুল হক বলেছেন, "হাজীগঞ্জ ডিগ্রি কলেজ জাতীয়করণের জন্য আমি ইতিমধ্যে ডিও লেটার (আধা-সরকারি পত্র) জমা দিয়েছি। এছাড়া কলেজে একটি নতুন একাডেমিক ভবন ও একটি ছাত্রাবাস নির্মাণের বিষয়টিও আমার উন্নয়ন পরিকল্পনার তালিকায় রয়েছে। তাই এসবের জন্য আলাদাভাবে চাইতে হবে না।" তিনি কলেজের বর্তমান সবুজ ও মনোরম পরিবেশ দেখে সন্তোষ প্রকাশ করেন ● ২-এর পাতায় দেখুন

মতলব উত্তরে পুলিশের বিশেষ অভিযানে গ্রেফতার ৮ মাদককারবারী।

মতলব উত্তরে পুলিশের বিশেষ অভিযানে গ্রেফতার ৮

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তর থানা পুলিশের বিশেষ অভিযানে ইয়াবা ট্যাবলেটসহ চারজনকে গ্রেপ্তার করা হয়েছে। তাঁদের কাছ থেকে ১০৯ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। এ ছাড়া গ্রেপ্তারি পরোয়ানামূলে দুজন, ফৌজদারি কার্যবিধির ১৫১ ধারায় একজন এবং নিয়মিত মামলায় একজনসহ আরও চারজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। সব মিলিয়ে অভিযানে আটজনকে গ্রেপ্তার করা হয়েছে।

বুধবার (১৪ অক্টোবর) মতলব উত্তর থানা এলাকায় মাদকবিরোধী বিশেষ অভিযানে তাঁদের গ্রেপ্তার করা হয়।

পুলিশের প্রেস বিজ্ঞপ্তি সূত্রে জানা যায়, চাঁদপুরের পুলিশ সুপার মো. মিজানুর রহমানের সার্বিক দিকনির্দেশনায় মতলব সার্কেলের সহকারী পুলিশ সুপার জাবীর হুসনাইন সানীব এবং মতলব উত্তর থানার অফিসার ইনচার্জ (ওসি) মানস বড়ুয়ার তত্ত্বাবধানে এ অভিযান পরিচালিত হয়।

অভিযানে কামাল পাটোয়ারী (৪২) ও মজিব প্রধান (৩০) এর কাছ থেকে ১০০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। এছাড়া মো. দুখু মিয়া (৩৮) ও ইব্রাহীম (৩০) এর কাছ থেকে ৯ পিস ● ২-এর পাতায় দেখুন

স্থান পরিবর্তন

পুরাতন ঠিকানা
~~নতুন বাজার মোড়, চাঁদপুর।~~

নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।

নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট
মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪

মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
শুক্রবার ১৬ অক্টোবর ২০২৬, ৩১ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ, ৩ জমা: আউয়াল ১৪৪৮ হিজরী

EMC English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
Kids Spoken & Phonetics:
★ Kids Spoken Level 01: KG to Class Two
★ Kids Spoken Level 02: Class Two to Five
★ Spoken English: Class Six to Nine
★ Professional Spoken
★ One to one Communicative English
★ Academic English Writing With Grammar
01974-924300

মক্কায় মসজিদে 'অনৈতিক কাজ', ২ বাংলাদেশির মৃত্যুদণ্ড কার্যকর

দিগন্ত ডেস্ক

সৌদি আরবের পবিত্র নগরী মক্কায় একটি মসজিদের ভেতরে 'অনৈতিক কাজের' অভিযোগে দোষী সাব্যস্ত দুই বাংলাদেশি নাগরিকের মৃত্যুদণ্ড কার্যকর করেছে দেশটির কর্তৃপক্ষ। বুধবার (১৪ অক্টোবর) মক্কা অঞ্চলে তাদের এ দণ্ড কার্যকর করা হয় বলে জানিয়েছে সৌদি আরবের স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

মৃত্যুদণ্ড কার্যকর হওয়া দুই বাংলাদেশি হলেন নাজেরুল ইসলাম আবদুল বাসির ও সিতি আখতার।

সৌদি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতিতে বলা হয়, মসজিদের ভেতরে অনৈতিক কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে নিরাপত্তা বাহিনী তাদের গ্রেফতার করে। তদন্ত শেষে তাদের বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ আনা হয়। পরে মামলাটি আদালতে পাঠানো হলে বিচারিক প্রক্রিয়া শেষে আদালত তাদের দোষী সাব্যস্ত করেন।

বিবৃতিতে আরও বলা হয়, অপরাধের গুরুতরতা এবং মসজিদের পবিত্রতা ও সময়ের ● ২-এর পাতায় দেখুন

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে (ডিআইইউ) পাঁচ দিনব্যাপী 'ডিআইইউ সাসটেইনেবিলিটি উইক ২০২৬' এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিজয়ীদের সাথে অতিথিবৃন্দ।

শিল্প-একাডেমিয়া সমন্বয় এবং এসডিজি বাস্তবায়নের আহ্বানের মধ্য দিয়ে

ড্যাফোডিলে শেষ হলো ৫ দিনব্যাপী 'সাসটেইনেবিলিটি উইক ২০২৬'

'সাসটেইনেবিলিটি ডে' উদযাপনের মধ্য দিয়ে বুধবার, ১৪ অক্টোবর ২০২৬ তারিখে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে (ডিআইইউ) শেষ হলো পাঁচ দিনব্যাপী মেগা আয়োজন 'ডিআইইউ সাসটেইনেবিলিটি উইক ২০২৬'। সমাপনী দিনে উ"চপর্যায়ের পলিসি ডায়ালগ, সাবজেক্ট র‍্যাংকিংয়ের জন্য সম্মাননা প্রদান এবং জমকালো পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। ড্যাফোডিল স্মার্ট সিটির নলেজ টাওয়ারের ইন্টারন্যাশনাল কনফারেন্স হলে (আইসিএইচ) সকাল ৯টায় উদ্বোধনী অধিবেশনের মাধ্যমে সমাপনী দিনের আনুষ্ঠানিক সূচনা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মূল ● ২-এর পাতায় দেখুন

'ক্লীন চাঁদপুরের' উদ্যোগে শিক্ষার্থীদের অংশগ্রহণে হাত ধোয়া দিবস পালন

স্টাফ রিপোর্টার

'পরিষ্কার হাত, নিরাপদ জীবন' এবং 'সংক্রমণ রোধে নিয়মিত হাত ধোয়া একটি শক্তিশালী অভ্যাস' এই প্রতিপাদ্যকে সামনে রেখে চাঁদপুরে বিশ্ব হাত ধোয়া দিবস পালন করা হয়েছে। এ উপলক্ষে 'ক্লীন চাঁদপুরের' উদ্যোগে প্রায় সহস্রাধিক শিক্ষার্থীর অংশগ্রহণে হাত ধোয়া কর্মসূচি অনুষ্ঠিত হয়।

বৃহস্পতিবার (১৫ অক্টোবর) সকাল পৌনে ৯টায় চাঁদপুর হাসান আলী

'ক্লীন চাঁদপুরের' উদ্যোগে বিশ্ব হাত ধোয়া দিবসের আলোচনা সভায় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান।

সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান। তিনি তার বক্তব্যে বলেন, পরিচ্ছন্নতা সুস্থ ও সুন্দর জীবনযাপনের অন্যতম প্রধান শর্ত। নিয়মিত ও সঠিক নিয়মে হাত ধোয়ার অভ্যাস গড়ে তুলতে পারলে বিভিন্ন সংক্রামক রোগের ঝুঁকি কমানো সম্ভব। বিশেষ করে শিক্ষার্থীদের ছোটবেলা থেকেই ব্যক্তিগত পরিচ্ছন্নতা সম্পর্কে সচেতন হতে হবে। নিজেদের পাশাপাশি পরিবার ও সমাজের অন্যদেরও হাত ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে আন্-নাজির ট্রাস্ট কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক।

চাঁদপুরে আন্-নাজির ট্রাস্ট কার্যক্রমের উদ্বোধন

শহর প্রতিনিধি

চাঁদপুর শহরের নাজিরপাড়াস্থ 'আন্-নাজির আইডিয়াল মাদ্রাসা' প্রাঙ্গণে স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশান ও আন্-নাজির ট্রাস্টের যৌথ অংশীদারিত্বে নতুন মানবিক ও শিক্ষা কার্যক্রমের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (১৫ অক্টোবর) বেলা ১১টার সময় আয়োজিত এ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক।

অনুষ্ঠানের শুরুতেই প্রধান অতিথি শেখ ফরিদ আহম্মেদ মানিক এমপি অনুষ্ঠানস্থলে পৌঁছালে আন্-নাজির আইডিয়াল মাদ্রাসার কোমলমতি শিশু শিক্ষার্থীরা হলুদ ফুলের পাপড়ি ছিটিয়ে ● ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জ বালিকা সপ্রাবি'র কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান করছেন চাঁদপুর-৫ আসনের সংসদ সদস্য এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়-সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য ইঞ্জিনিয়ার মমিনুল হক।

হাজীগঞ্জ বালিকা সপ্রাবি'র কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান

ইউসুফ বেপারী

হাজীগঞ্জ বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২০২৫ সালের পঞ্চম শ্রেণির বৃত্তি পরীক্ষায় কৃতিত্ব অর্জনকারী ৩৪ শিক্ষার্থীকে সংবর্ধনা প্রদান করা হয়েছে।

বৃহস্পতিবার (১৫ অক্টোবর) সকালে বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি মোহাম্মদ বিল্লাল হোসাইনের সভাপতিত্বে এবং ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক উম্মে শায়কা দিলরুবা আক্তারের তত্ত্বাবধানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন চাঁদপুর-৫ (হাজীগঞ্জ-শাহরাস্তি) আসনের সংসদ সদস্য ও শ্রম ● ২-এর পাতায় দেখুন

মতলব দক্ষিণে বিশ্ব হাত ধোয়া দিবস পালিত

মতলব দক্ষিণ প্রতিনিধি

জাতীয় স্যানিটেশন মাস ও বিশ্ব হাত ধোয়া দিবস উপলক্ষে মতলব পৌরসভার উদ্যোগে বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। স্বাস্থ্যসম্মত জীবনযাপন, পরিচ্ছন্ন পরিবেশ নিশ্চিতকরণ এবং নিরাপদ স্যানিটেশন ব্যবস্থার গুরুত্ব সম্পর্কে ● ২-এর পাতায় দেখুন

মতলব দক্ষিণে বিশ্ব হাত ধোয়া দিবসে বর্ণাঢ্য র‍্যালি।

মতলব উত্তরে মহানবী (স.) নিয়ে কটুক্তিকারী হাশেমের ফাঁসির দাবিতে বিক্ষোভ সমাবেশ

শামীম মিয়াজী

মতলব উত্তরের ওলামায়ে কেরাম ও সর্বস্তরের নবী প্রেমিক মুসলমানদের উদ্যোগে প্রিয় নবী হযরত মুহাম্মদ (স.) কে নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে আপত্তিকর পোস্টকারী নাস্তিক হাশেমের অনতিবিলম্বে ফাঁসির দাবিতে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে উপজেলার

মতলব উত্তরে মহানবী (স.) নিয়ে কটুক্তিকারী হাশেমের ফাঁসির দাবিতে বিক্ষোভ সমাবেশ।

কালীপুর নাজির আহমেদ চৌধুরী দাখিল মাদ্রাসা প্রাঙ্গন থেকে বিক্ষোভ মিছিল শুরু হয়ে কালীপুর বাজারের প্রধান সড়কগুলো প্রদক্ষিণ করে। পরে মাদ্রাসা মাঠে এসে সংক্ষিপ্ত বিক্ষোভ সমাবেশে অংশগ্রহণ করেন মিছিলকারীরা। এ সময় বক্তব্য রাখেন, মাওলানা বদিউল ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী ও সাধারণ সম্পাদক এম এ লতিফের সাথে শুভেচ্ছা বিনিময় করছেন ন্যাশনাল ব্যাংক চাঁদপুর শাখার ম্যানেজার মো. জাফর ইকবালসহ ব্যাংক কর্মকর্তারা।

চাঁদপুর প্রেসক্লাবের সঙ্গে ন্যাশনাল ব্যাংক কর্মকর্তাদের শুভেচ্ছা বিনিময়

নিজস্ব প্রতিবেদক

চাঁদপুর প্রেসক্লাবের নেতৃবৃন্দের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও শুভেচ্ছা বিনিময় করেছেন ন্যাশনাল ব্যাংক পিএলসি চাঁদপুর শাখার কর্মকর্তারা। বুধবার (১৪ অক্টোবর) ন্যাশনাল ব্যাংক চাঁদপুর শাখার প্রধান কর্মকর্তা ও ম্যানেজার মো: জাফর ইকবালের নেতৃত্বে ব্যাংক কর্মকর্তারা চাঁদপুর প্রেসক্লাবে আসেন। এ সময় তাঁরা প্রেসক্লাবের সভাপতি সোহেল ● ২-এর পাতায় দেখুন

গণসংযোগ করছেন ফরিদগঞ্জ দক্ষিণ ইউনিয়নের চেয়ারম্যান প্রার্থী সাখাওয়াত হোসেন পাটওয়ারী।

ফরিদগঞ্জ দক্ষিণ ইউনিয়নের চেয়ারম্যান প্রার্থী সাখাওয়াত হোসেনের গণসংযোগ

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জ উপজেলার ১৪নং ফরিদগঞ্জ দক্ষিণ ইউনিয়নের চেয়ারম্যান পদপ্রার্থী সাখাওয়াত হোসেন পাটোয়ারী ইউনিয়নের ৩নং ওয়ার্ডে গণসংযোগ করেছেন। বৃহস্পতিবার (১৫ অক্টোবর) তিনি ৩নং ওয়ার্ডের বিভিন্ন এলাকায় স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কুশল বিনিময় ও মতবিনিময় করেন। এ সময় স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। গণসংযোগকালে সাখাওয়াত হোসেন পাটোয়ারী স্থানীয় মানুষের খোঁজখবর নেন এবং এলাকার বিভিন্ন সমস্যা ও উন্নয়ন সম্ভাবনা নিয়ে আলোচনা করেন। তিনি এলাকাবাসীর সঙ্গে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় রেখে ইউনিয়নের সার্বিক উন্নয়ন ও জনকল্যাণে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। গণসংযোগকালে স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

আনোয়ারা-মতিউর মডেল মাদরাসার বার্ষিক ইসলামিক সাংস্কৃতিক প্রতিযোগিতা ও অভিভাবক সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখছেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আলহাজ্ব মোঃ মোশারফ হোসাইন।

আনোয়ারা-মতিউর মডেল মাদরাসার সাংস্কৃতিক প্রতিযোগীতা ও সমাবেশ

সন্তান সুশিক্ষিত না হলে বাবা-মায়ের সকল পরিশ্রমই বৃথা যায়

--------আলহাজ্ব মোঃ মোশারফ হোসাইন

স্টাফ রিপোর্টার

চাঁদপুর শহরের আদর্শ বিদ্যাপীঠ আনোয়ারা-মতিউর মডেল মাদরাসায় বার্ষিক ইসলামী সাংস্কৃতিক প্রতিযোগীতা ও অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৫ অক্টোবর) সকাল ১০টায় চাঁদপুর পৌরসভার ১৫নং ওয়ার্ডের বিষ্ণুদী জিটি রোড উত্তর ● ২-এর পাতায় দেখুন

শাহরাস্তি উপজেলা শ্রমিক দলের আহ্বায়ক কমিটি বাতিল

গত ২৪ মে ২০২৬ইং তারিখ শাহারাস্তি উপজেলা শ্রমিক দলের আহ্বায়ক কমিটি বাতিল করা হয়। বাতিলকৃত আহ্বায়ক কমিটির সাবেক সদস্য সচিব মোঃ সুমন মিজির নামে নানা অভিযোগ উঠেছে।

বুধবার (১৪ অক্টোবর) চাঁদপুর জেলা শ্রমিক দলের সভাপতি ও সাধারণ সম্পাদক স্বাক্ষরিত প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা যায়।

এতে বলা হয়, শাহরাস্তি উপজেলা শ্রমিক দলের বাতিলকৃত আহ্বায়ক কমিটির সাবেক সদস্য সচিব মোঃ সুমন মিজি দলের নাম ভাঙ্গিয়ে চাঁদা ● ২-এর পাতায় দেখুন

কচুয়ার নুরুল আজাদ কলেজে বিনামূল্যে বই বিতরণ

নিজস্ব প্রতিনিধি

কচুয়া উপজেলার ঐতিহ্যবাহী নুরুল আজাদ কলেজের শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ করেছেন, কলেজ গভর্নিং বডির সভাপতি শিক্ষানুরাগী মোঃ ফয়সাল আজাদ রুবেল। বৃহস্পতিবার সকালে কলেজ মিলনায়তনে উৎসবমুখর পরিবেশে সকল শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ করেন।

কলেজের অধ্যক্ষ ভারপ্রাপ্ত মোস্তফা কামালের সভাপতিত্বে ও সহকারী অধ্যাপক মোঃ কামরুজ্জামানের ● ২-এর পাতায় দেখুন

হরমুজ প্রণালির কাছে ২৪ ঘণ্টার মধ্যে ডুবল দুই জাহাজ

আন্তর্জাতিক ডেস্ক

দু'টি প্রজেক্টাইলের হামলায় হরমুজ প্রণালির কাছে ডুবে গেল দুই পণ্যবাহী জাহাজ। ২৪ ঘণ্টার মধ্যে জাহাজ দুইটি ডুবে গেছে। এর মধ্যে একটি ছিল কনটেইনারবাহী জাহাজ এবং অন্যটি ছিল শুকনো পণ্যবাহী জাহাজ। বুধবার সামুদ্রিক নিরাপত্তা সংশ্লিষ্ট কর্মকর্তারা এ তথ্য জানিয়েছেন। বার্তা সংস্থা রয়টার্সের প্রতিবেদনে বলা হয়েছে, জাহাজ দুটির একটি সিঙ্গাপুরের পতাকাবাহী 'জিএফএস প্রাইড' এবং অন্যটি অ্যান্টিগুয়া ও বারবুডার পতাকাবাহী 'কেপ দাও'। সিঙ্গাপুরের পতাকাবাহী বাণিজ্যিক জাহাজ জিএফএস প্রাইড হরমুজ প্রণালি পেরোনোর সময় হামলার শিকার হয়। প্রজেক্টাইলের আঘাতে জাহাজটির ক্ষতি হয় এবং আগুন ধরে যায়। জাহাজটিতে ২১ জন নাবিক ছিলেন বলে জানিয়েছেন সিঙ্গাপুরের নৌচলাচল ও বন্দর কর্তৃপক্ষ। সবাইকে উদ্ধার করা হয়েছে। কেউ আহত হয়নি। তবে ক্ষতিগ্রস্ত জাহাজটিকে স্থলভাগে নিয়ে যাওয়া যায়নি। সেটি ডুবে গেছে।

উপদেষ্টা সম্পাদক ঃ অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান, সম্পাদক ও প্রকাশক ঃ এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া, নির্বাহী সম্পাদক ঃ মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী, যুগ্ম সম্পাদক : আব্দুস শুকুর মন্তান, ব্যবস্থাপনা সম্পাদক ঃ এ্যাডভোকেট শাহজাহান খান, যুগ্ম বার্তা সম্পাদক ঃ আদনান আল মুরাদ, মফস্বল সম্পাদক ঃ এম এ গফুর, বিশেষ প্রতিনিধি ঃ আবু সুফিয়ান ভূইয়া, আইটি ইনচার্জ ঃ জি এম এমরান হোসেন সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত, সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক
চাঁদপুর দিগন্ত
শুক্রবার ॥ ১৬ অক্টোবর ২০২৬

সম্পাদকীয়

অকৃতকার্য বিষয়ে আবার পরীক্ষা

ইতিবাচক সিদ্ধান্ত, সুস্পষ্ট নীতিমালা দরকার

এসএসসি ও এইচএসসি পরীক্ষায় বিপুলসংখ্যক শিক্ষার্থী অকৃতকার্য থেকে যান। এর একটি বড় অংশই এক বা দুই বিষয়ে অকৃতকার্য হওয়া শিক্ষার্থী। এমনও দেখা যায়, সব বিষয়ে ভালো নম্বর পেয়েছেন, কিন্তু একটি বিষয়ে কোনো বিশেষ কারণে পরীক্ষা খারাপ হওয়ায় গোটা একটি বছর নষ্ট হয়। এতে একদিকে যেমন শিক্ষার্থীদের শিক্ষাজীবন পিছিয়ে যায়, অন্যদিকে শিক্ষার ব্যয় ও মানসিক চাপ বাড়ে। ফলাফল প্রকাশের পর নতুন শিক্ষাবর্ষের শিক্ষা কার্যক্রম শুরুর আগেই অকৃতকার্য বিষয়ে পরীক্ষা নেওয়ার দাবি দীর্ঘদিন ধরেই শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষাবিদেরা করে আসছিলেন। ভারত, পাকিস্তানসহ বিভিন্ন দেশে পাবলিক পরীক্ষায় অকৃতকার্য শিক্ষার্থীদের জন্য সম্পূরক পরীক্ষা নেওয়ার ব্যবস্থা আছে। তুলনামূলকভাবে বাংলাদেশে এটি দেরিতে শুরু হচ্ছে। এরই পরিপ্রেক্ষিতে এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফল প্রকাশের পর অকৃতকার্য বিষয়ে শিক্ষার্থীদের পরীক্ষা নেওয়ার সরকারি উদ্যোগকে আমরা সাধুবাদ জানাই। শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন ও প্রধানমন্ত্রীর শিক্ষা উপদেষ্টা মাহদী আমিনের সাম্প্রতিক বক্তব্যে এটা পরিষ্কার যে সরকার এ বিষয়ে নীতিগত অবস্থান নিয়েছে। খবর জানাচ্ছে, বোর্ডগুলো তিন মাসের মধ্যে পরীক্ষা নিতে প্রস্তুত আছে। এ বিষয়ে মন্ত্রণালয়কে মতামত দেওয়া হয়েছে।

মতলব উত্তরে পুলিশের

ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। পুলিশ তাঁদের চারজনকে ইয়াবাসহ গ্রেপ্তার করেছে বলে জানিয়েছে। অন্যদিকে, গ্রেপ্তারি পরোয়ানামূলে দুজনকে গ্রেপ্তার করা হয়। এ ছাড়া ফৌজদারি কার্যবিধির ১৫১ ধারায় একজন এবং নিয়মিত মামলায় আরও একজনকে গ্রেপ্তার করা হয়েছে। এ নিয়ে অভিযানে মোট আটজন গ্রেপ্তার হন। পুলিশ জানিয়েছে, গ্রেপ্তার হওয়া ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। মাদকদ্রব্যসহ গ্রেপ্তার চারজনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করে তাঁদের আদালতে পাঠানো হয়েছে। মতলব উত্তর থানার অফিসার ইনচার্জ (ওসি) মানস বড়ুয়া বলেন, "মাদকসহ বিভিন্ন ধরনের অপরাধ নির্মূলে পুলিশ বদ্ধপরিকর।" তিনি আরও জানান, মাদক নির্মূলসহ বিভিন্ন অপরাধ দমনে মতলব উত্তর থানা পুলিশের অভিযান অব্যাহত থাকবে।

বাবুরহাটে ১ হাজার ৬৯৬ কেজি

হাজার টাকা এবং ফখরুদ্দিনের দোকান থেকে ৭০ কেজি পলিথিন জব্দ করে আরও ২৫ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানসংশ্লিষ্ট সূত্রে জানা যায়, বাবুরহাট প্লাজার দ্বিতীয় তলার একটি বড় গুদামে পলিথিন মজুত করেছিলেন বশির পাটোয়ারী। এর আগেও একই ধরনের অপরাধে তিনি জরিমানার মুখে পড়েছিলেন বলে জানা গেছে।

অভিযানের সময় বশির পাটোয়ারী বলেন, যাঁরা পলিথিন উৎপাদন করেন, তাঁদের জরিমানা করা দরকার। ভবিষ্যতে এ ধরনের ব্যবসা আর করবেন না বলেও তিনি জানান। তবে বারবার জরিমানা হওয়ার পরও কেন একই ব্যবসায় জড়িত ছিলেন, এমন প্রশ্নের জবাবে তিনি জীবিকা নির্বাহের বিষয়টি তুলে ধরেন। এদিকে বাজারের ব্যবসায়ীরা প্রশ্ন তুলেছেন, এত বিপুল পরিমাণ নিষিদ্ধ পলিথিন কীভাবে বাজারে আসছে। তাঁদের মতে, শুধু বিক্রেতা বা মজুতদার নয়, নিষিদ্ধ পলিথিন উৎপাদনকারী প্রতিষ্ঠানগুলোকেও চিহ্নিত করে আইনের আওতায় আনা জরুরি। উৎপাদন ও সরবরাহ পর্যায়ে কার্যকর ব্যবস্থা নেওয়া গেলে বাজারে নিষিদ্ধ পলিথিনের প্রবেশ ঠেকানো সম্ভব হবে।

অভিযানে জব্দ করা পলিথিন ট্রাকে করে নিয়ে যাওয়া হয়। এ সময় পরিবেশ অধিদপ্তরের অন্যান্য কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন। ভ্রাম্যমাণ আদালতের কার্যক্রমে আইনশৃঙ্খলা রক্ষায় চাঁদপুর জেলা পুলিশের একটি দল সহযোগিতা করে। পরিবেশ অধিদপ্তর চাঁদপুর জেলা কার্যালয়ের উপপরিচালক মো. মিজানুর রহমান জানান, নিষিদ্ধ পলিথিনের বিরুদ্ধে এ অভিযান নিয়মিত অব্যাহত থাকবে।

এ অর্থ নিজেদের প্রয়োজন

দেয়া হবে। কোনো সমস্যা হলে আমাদের জানাবেন। আপনারা এই টাকা নিজেদের প্রয়োজনীয় কাজে লাগাবেন। তিনি বলেন, অসহায় ও দুস্থ মানুষের পাশে দাঁড়ানো এবং তাদের প্রয়োজনের সময়ে সহযোগিতা করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। যারা আর্থিক সহায়তা পেয়েছেন, তারা যেন এই অর্থ নিজেদের প্রয়োজন অনুযায়ী সঠিকভাবে কাজে লাগাতে পারেন, সে বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন। চেক নগদায়ন করতে গিয়ে কোনো ধরনের সমস্যার সম্মুখীন হলে সংশ্লিষ্টদের অবহিত করারও পরামর্শ দেন তিনি।

শেখ ফরিদ আহমেদ মানিক আরও বলেন, আপনারা সকলে প্রধানমন্ত্রী তারেক রহমানের জন্য দোয়া করবেন। তিনি সবসময় গরিব ও দুস্থ মানুষের কথা চিন্তা করেন। এ সময় তিনি অসহায় মানুষের কল্যাণে আর্থিক সহায়তার গুরুত্ব তুলে ধরেন এবং উপকারভোগীদের সঙ্গে কথা বলেন।

অনুষ্ঠানে চেক পেয়ে উপকারভোগীরা তাদের প্রয়োজনীয় কাজে এ অর্থ ব্যয় করার আশাবাদ ব্যক্ত করেন। বিশেষ করে অসুস্থ ও আর্থিকভাবে অসচ্ছল ব্যক্তিদের জন্য এ ধরনের সহায়তা চিকিৎসা ও অন্যান্য জরুরি প্রয়োজনে কাজে লাগবে বলে সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেন।

চাঁদপুর সদর উপজেলা বিএনপির সভাপতি শাহজালাল মিশনের পরিচালনায় বক্তব্য রাখেন চাঁদপুর জেলা বিএনপির সহ-সভাপতি খলিলুর রহমান গাজী প্রমুখ। এসময় উপস্থিত ছিলেন চাঁদপুর জেলা বিএনপির সহ-সভাপতি ফেরদৌস আলম বাবু, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক হযরত আলী ঢালী, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক শরীফ উদ্দিন পলাশ, জেলা যুবদলের সভাপতি মানিকুর রহমান মানিক, পৌর মহিলা দলের সাধারণ সম্পাদক নাহিদা সুলতানা

সেতুসহ বিএনপি অঙ্গ সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা।

চাঁদপুরে ২১ জেলে গ্রেপ্তার,

ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আজমগীর হোসাইনের তত্ত্বাবধানে নদীপথে এ অভিযান পরিচালিত হয়। অভিযানে নদীতে নিষিদ্ধ সময়ে মাছ শিকারের সঙ্গে জড়িতদের শনাক্ত করে আইনের আওতায় আনা হয়।

নৌ-পুলিশ সূত্রে জানা যায়, মা ইলিশের প্রজনন মৌসুমে সরকারি নিষেধাজ্ঞা অমান্য করে ইলিশ শিকারের অভিযোগে গ্রেপ্তার ২১ জেলের বিরুদ্ধে মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন অনুযায়ী ৬টি নিয়মিত মামলা করা হয়েছে। একই সঙ্গে জব্দ করা হয়েছে মাছ ধরার কাজে ব্যবহৃত ইঞ্জিনচালিত নৌকা, বিপুল পরিমাণ ইলিশ এবং অবৈধ কারেন্ট জাল।

চাঁদপুর সদর নৌ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আজমগীর হোসাইন বলেন, 'মা ইলিশ সংরক্ষণে অভিযান শুরুর প্রথম সপ্তাহে ৫০ কেজি ইলিশ, ৫৫ হাজার মিটার অবৈধ কারেন্ট জাল এবং ২০টি নৌকা জব্দ করা হয়েছে। এসব ঘটনায় মোট ২৪টি নিয়মিত মামলা করা হয়েছে।'

তিনি বলেন, 'মা ইলিশের প্রজনন ও বংশবিস্তার নির্বিঘ্ন রাখা এবং সরকারি নিষেধাজ্ঞা বাস্তবায়নের লক্ষ্যে চাঁদপুর সদর নৌ থানা পুলিশের অভিযান অব্যাহত রয়েছে।'

চাঁদপুর পৌরসভায় বেওয়ারিশ

আনুমানিক ৫০০ কুকুর রয়েছে। এর থেকে ৩০০টি কুকুরকে ভেক্সিন প্রদান করা হবে? ভেক্সিন প্রদান করার সময় যারে কুকুর বেশি কষ্ট না পায়, মেডিকেল টিমকে সেদিকে খেয়াল রাখতে হবে? এ ভেক্সিন কুকুরের জলাতঙ্ক ভাইরাসকে প্রতিহত করে? এসময় সভায় অংশগ্রহণ করেন ও বক্তব্য রাখেন চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী, চাঁদপুর প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ জ্যোতির্ময় ভৌমিক, চাঁদপুর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক এম এ লতিফ, চাঁদপুর পৌর নির্বাহী কর্মকর্তা মুহাম্মদ নূর আজম বীন আখতার (শরীফ), প্রশাসনিক কর্মকর্তা মো: মফিজ উদ্দিন হাওলাদার।

সভায় কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন টিম করা হয় এবং চলতি মাসের শেষে এ কার্যক্রম শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়?

হাইমচরে ইয়াবাসহ গ্রেফতার

সার্বিক দিকনির্দেশনায় গত ১৪ অক্টোবর রাতে পিএসআই সৌরভ দাশের নেতৃত্বে সঙ্গীয় ফোর্স নিয়ে এক বিশেষ অভিযান পরিচালিত হয়। অভিযানকালে রাত ১১টা ৪০ মিনিটে চরভাঙ্গা সাকিনস্থ কালা চৌকিদার মোড় থেকে জনতা বাজারগামী তাহফিজুস সুন্নাহ নেছারিয়া মাদ্রাসার সামনের পাকা রাস্তা থেকে ওই তিনজনকে আটক করা হয়। পরে তাদের তল্লাশি চালিয়ে ৫ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়।

হাইমচর থানা সূত্রে জানা গেছে, ইয়াবা উদ্ধারের ঘটনায় আটককৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর সংশ্লিষ্ট ধারায় একটি মামলা (মামলা নং-১০, জি আর নং-২৭২) রজু করা হয়েছে।

ঘটনার সত্যতা নিশ্চিত করে পুলিশ জানায়, (১৫ অক্টোবর) গ্রেপ্তারকৃত আসামীদের যথাযথ পুলিশ পাহারায় বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

কচুয়ায় ৩৯ পূজামণ্ডপে

ভক্তদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা। প্রতিমার সৌন্দর্য ফুটিয়ে তুলতে দিন-রাত পরিশ্রম করছেন প্রতিমাশিল্পীরা। মণ্ডপে মণ্ডপে চলছে সাজসজ্জা, আলোকসজ্জা ও পূজার আনুষঙ্গিক প্রস্তুতি।

পূজার নির্ধারিত সূচি অনুযায়ী, ১৬ অক্টোবর মহাষষ্ঠীতে দেবীর বোধনের মধ্য দিয়ে শুরু হবে মূল আনুষ্ঠানিকতা। এরপর ১৭ ও ১৮ অক্টোবর মহাসপ্তমী, ১৯ অক্টোবর মহাষ্টমী, ২০ অক্টোবর মহানবমী এবং ২১ অক্টোবর বিজয়া দশমীর মধ্য দিয়ে শেষ হবে এবারের দুর্গোৎসব। প্রচলিত পঞ্জিকা অনুযায়ী, এ বছর দেবীর আগমন ঘোটকে এবং গমন নৌকায়।

পূজা উদযাপন পরিষদ সূত্রে জানা গেছে, কচুয়া উপজেলার ১২টি ইউনিয়ন ও পৌরসভায় মোট ৩৯টি পূজামণ্ডপে দুর্গোৎসব উদযাপিত হবে। এসব মণ্ডপের মধ্যে উপজেলা পরিষদসংলগ্ন কোয়া পোদ্দার বাড়ির সর্বজনীন দুর্গাপূজা মণ্ডপ অন্যতম প্রাচীন। এ বছর এ মণ্ডপে ১৪৬তম শারদীয় দুর্গোৎসব উদযাপনের প্রস্তুতি চলছে।

পূজা উদযাপন কমিটির সভাপতি ফণিভূষণ মজুমদার তাপু ও সাধারণ সম্পাদক বিকাশ সাহা বলেন, উপজেলার ৩৯টি পূজামণ্ডপে দুর্গোৎসব উদযাপনের প্রস্তুতি চলছে। প্রতিমাশিল্পীরা শেষ মুহূর্তের রং-তুলির কাজে ব্যস্ত রয়েছেন। প্রশাসনের পক্ষ থেকে সার্বিক সহযোগিতা পাওয়া যাচ্ছে। সবার সহযোগিতায় শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে পূজা উদযাপন করা সম্ভব হবে বলে তাঁরা আশা প্রকাশ করেন।

কচুয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা অমিত রায় বলেন, প্রতিটি পূজামণ্ডপে নিরাপত্তাব্যবস্থা জোরদার করা হবে। পুলিশ ও আনসার সদস্য মোতায়েনের পাশাপাশি সেনাবাহিনীর টহল থাকবে। ঝুঁকিপূর্ণ পূজামণ্ডপগুলোতে বিশেষ নজরদারি রাখা হবে, যাতে নির্বিঘ্নে পূজা উদযাপন করা যায়।

শাহরাস্তিতে গাঁজাসহ

অভিযান পরিচালনা করে। প্রথম অভিযানে শাহরাস্তি থানার রায়শ্রী উত্তর ইউনিয়নের উনকিলা এলাকায় ইউনিয়ন পরিষদের সামনে থেকে ৩০ গ্রাম গাঁজাসহ তিনজনকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার ব্যক্তিরা হলেন পিরোজপুর সদর থানার নামাজপুর এলাকার মো. গোলাম রাব্বি আকন (২৫), কচুয়া উপজেলার জগৎপুর এলাকার মো. আব্দুল কাদের (২৭) এবং একই উপজেলার পিপলকরা এলাকার মো. রুবেল হোসেন (৩২)। এ অভিযানে নেতৃত্ব দেন এসআই শেখ রায়হানুল ইসলাম।

অন্যদিকে, একই দিন উপজেলার টামটা দক্ষিণ ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ডের আলীপুর এলাকায় এনাম মিয়ার চায়ের দোকানের সামনে পাকা সড়কে অভিযান চালিয়ে ২০ গ্রাম গাঁজাসহ নাহিদুল ইসলাম (৩৩) নামের এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়। তিনি শাহরাস্তি উপজেলার কুলশী গ্রামের বাসিন্দা। এ অভিযানে নেতৃত্ব দেন এসআই শমসেদ হোসেন। পুলিশ জানায়, পৃথক দুই অভিযানে গ্রেপ্তার চারজনের কাছ থেকে মোট ৫০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়েছে।

এ ঘটনায় শাহরাস্তি মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৩৬(১) সারণির ১৯(ক) ধারায় পৃথক দুটি মামলা করা হয়েছে। প্রথম মামলাটির এফআইআর নম্বর ১৬, জিআর নম্বর ৩৩২ এবং দ্বিতীয় মামলাটির এফআইআর নম্বর ১৭, জিআর নম্বর ৩৩৩। মামলা দায়েরের পর গ্রেপ্তার ব্যক্তিদের যথাযথ পুলিশি নিরাপত্তায় আদালতে সোপর্দ করা হয়েছে। মাদকদ্রব্য উদ্ধার ও মাদকের বিস্তার রোধে তাদের অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছে শাহরাস্তি মডেল থানা পুলিশ।

দৃষ্টিপ্রতিবন্ধী ব্যক্তিরা যেন

জেলা প্রশাসকের কার্যালয় এসে শেষ হয়। পরে সকাল সাড়ে ১০টায় চাঁদপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি'র বক্তব্য রাখেন চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান।

তিনি বলেন, সাদাছড়িকে কেবল একটি লাঠি নয়, বরং দৃষ্টিপ্রতিবন্ধী মানুষের আত্মনির্ভরশীলতার প্রতীক ভাবতে হবে। দৃষ্টিপ্রতিবন্ধী ভাই-বোনদের নিরাপদ চলাচল নিশ্চিত করা শুধু সরকারের একাংশ বা কোনো নির্দিষ্ট সংস্থার কাজ নয়, এটি সমাজের প্রতিটি মানুষের নৈতিক কাজ। দৃষ্টিপ্রতিবন্ধী ব্যক্তিরা যেন তাঁদের মেধা ও প্রজ্ঞা দিয়ে সমাজে অবদান রাখতে পারেন।

তিনি বলেন, আপনারা যখন চলাচল করবেন তখন পুলিশের সহযোগিতা নিতে পারবেন। ফুটপাতে দৃষ্টিপ্রতিবন্ধীদের জন্য আলাদা বিশেষ এক ধরনের ব্লক বা টাইলস ব্যবহার করা হয়। সেগুলো অনুসরন করে চলতে পারেন দৃষ্টিপ্রতিবন্ধীরা। চাঁদপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) একরামুল ছিদ্দিকের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন চাঁদপুর পুলিশ সুপারের পক্ষে অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মো: খায়রুল কবির, চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী। চাঁদপুর প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা সুমন চন্দ্র নন্দীর পরিচালনায় সভায় বক্তব্য রাখেন চাঁদপুর সদর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ডাঃ মোঃ আব্দুল্লাহ আল জুবায়ের, চাঁদপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের সহকারি পরিচালক মো: শফি উদ্দিন সহ সংশ্লিষ্টজন। শেষে দৃষ্টিপ্রতিবন্ধীদের মাঝে স্মার্ট সাদাছড়ি বিতরণ করেন চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান সহ অন্যান্যরা।



সর্বস্ব হারিয়ে দিশেহারা

নগরবাড়ী উত্তরা ট্রান্সপোর্টের প্রতিনিধি ফরহাদ হোসেন দুর্ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, গত বুধবার (১৪ অক্টোবর) সকালে চাঁদপুরের ৮ জন ব্যবসায়ীর খরিদকৃত মোট ৫,৪৬০ বস্তা বিভিন্ন প্রকারের চাল নিয়ে 'হৃদয় পরিবহন' নামের একটি ট্রলার চাঁদপুর নদী বন্দর পুরাণবাজার ঘাটের উদ্দেশ্যে রওনা দেয়। ঘটনার বিবরণী থেকে জানা যায়, বিকেল আনুমানিক পাঁচটার দিকে ট্রলারটি মাওয়া ঘাটের ভাটিতে নড়িয়ার পদ্মা নদীর 'পালের চর' নামক এলাকায় পৌছালে আকস্মিক তীব্র স্রোত ও ঢেউয়ের কবলে পড়ে। এ সময় ট্রলারের মাঝি নিয়ন্ত্রণ হারালে চালের বস্তাসহ পুরো ট্রলারটি নদীতে নিমজ্জিত হয়। দুর্ঘটনার সময় ট্রলারে মাঝিসহ মোট ৫ জন আরোহী ছিলেন। ট্রলারটি ডুবতে দেখে তাঁদের আর্তচিৎকারে নদী তীরে ও আশপাশে থাকা স্থানীয় জেলেরা দ্রুত এগিয়ে আসেন এবং তাঁদের অলৌকিকভাবে জীবিত উদ্ধার করেন। তবে মালামালসহ ট্রলারটি সম্পূর্ণ তলিয়ে যায়। সর্বশেষ খবর পাওয়া পর্যন্ত ডুবে যাওয়া ট্রলার ও চালের বস্তার কোনো সন্ধান মেলেনি।

এই মর্মান্তিক দুর্ঘটনায় চাঁদপুর পুরাণবাজারের অন্যতম বিশিষ্ট চাল ব্যবসায়ী হাজী সিরাজ খান, রফরফ ট্রেডার্সের আনিস বেপারী, জোসনা আটা মিলের বিপ্লব গোপ এবং টুকু হাজীসহ মোট ৮ জন ব্যবসায়ী মারাত্মক ক্ষতির শিকার হয়েছেন। ব্যবসায়ীদের মতে, ডুবে যাওয়া চালের বর্তমান বাজারমূল্য প্রায় দেড় কোটি টাকারও বেশি। রাতারাতি এ ধরনের বিশাল অঙ্কের মূলধন হারিয়ে এখন প্রায় নিঃস্ব ও দিশেহারা অবস্থায় দিন কাটাচ্ছেন তাঁরা।

এদিকে, চাঁদপুরের প্রধান বাণিজ্যিক কেন্দ্র পুরাণবাজারের ব্যবসায়ীদের এই অপূরণীয় ক্ষতিতে দুঃখ প্রকাশ করেছেন চাঁদপুর চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতি সুভাষ চন্দ্র রায়। তিনি ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বিষয়টি মানবিক দৃষ্টিকোণ থেকে বিবেচনার অনুরোধ জানান।

দুর্গাপূজায় পূর্ণ নিরাপত্তা নিশ্চিতের

শফিকুর রহমান বলেন, 'সাম্প্রদায়িক সম্প্রীতির উজ্জ্বল উদাহরণ আমাদের ৫৫ হাজার বর্গমাইলের প্রিয় বাংলাদেশ। এখানে অনেক আগে থেকেই সব সম্প্রদায়ের মানুষ নিজ নিজ রীতিতে নির্বিঘ্নে ধর্মীয় আচার-অনুষ্ঠান ও উৎসব পালন করে আসছেন।' হিন্দু সম্প্রদায়ের সবচেয়ে বড় উৎসব আসন্ন শারদীয় দুর্গাপূজা পূর্ণ নিরাপত্তার সাথে উদযাপন করতে পারবেন বলে তিনি আশা প্রকাশ করেন। তিনি বলেন, 'দেশের সুন্দর অতীত ঐতিহ্যের আলোকে হিন্দু সম্প্রদায়ের মানুষ যেন এবারও পূর্ণ নিরাপত্তা ও স্বস্তির সাথে পূজা উদযাপন করতে পারেন, তা নিশ্চিত করতে সরকার ও সংশ্লিষ্ট আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীগুলোকে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।'

বিরোধীদলীয় নেতা বলেন, 'জাতীয় সংসদের প্রধান বিরোধী দল ও জনবান্ধব সংগঠন হিসেবে বাংলাদেশ জামায়াতে ইসলামী নিজস্ব অবস্থান থেকেও দায়িত্বশীল ভূমিকা পালন করবে। বাংলাদেশে বিভিন্ন ধর্মের মানুষের বসবাস। সবাই নিজ নিজ ধর্ম স্বাধীনভাবে পালন করবেন–এটাই প্রত্যাশা।'

তিনি আরো বলেন, 'দেশের সচেতন নাগরিক হিসেবে জামায়াতের নেতাকর্মীরা হিন্দু সম্প্রদায়সহ সব ধর্মের মানুষের প্রতি সামাজিক দায়বদ্ধতা বজায় রাখবেন এবং সহযোগিতার হাত প্রসারিত করবেন।'

এ বিষয়ে বাংলাদেশ জামায়াতে ইসলামীর পক্ষ থেকে তিনি সবাইকে আহ্বান জানান।

মেঘনায় দেদারছে চলছে

দেয়া তথ্যমতে, চরউমেদ আমিরাবাদ, এখলাসপুর, বাহেরচর, মোহনপুর, বোরোচর, কাচিয়ারা বাজার, জনতা বাজার, ষাটনল এলাকার ৫ থেকে ৭টি পয়েন্টে প্রতিদিন ভোর থেকে সকাল ৮টা ও সন্ধ্যার পর রাতেও অবাধে চলে এই মাছ কেনাবেচা। বৃহস্পতিবার (১৫ অক্টোবর) উপজেলার চরউমেদ আমিরাবাদ, এখলাসপুর, বাহেরচর, মোহনপুর, বোরোচর, কাচিয়ারা বাজার, জনতা বাজার, ষাটনল এলাকায় বেশ কয়েকটি স্থানে সকাল হলে একের পর এক মাছ ধরার ট্রলার ঘাটে ভিড় করছে। জেলেরা ঝুড়ি ও ডালিভর্তি মাছ নিয়ে পাড়ে উঠছেন। অনেকে আবার ঘাটে পৌঁছানোর আগেই ট্রলারে থাকা অবস্থাতেই পাইকারদের কাছে মাছ বিক্রি করে দিচ্ছেন। পরে সেই মাছ নিয়ে নদীর পাড়ে বসাচ্ছেন হাট খুচরা বিক্রেতারা। ক্রেতারা দরদাম করে পছন্দের ইলিশ কিনে নিচ্ছেন। এছাড়া উপজেলার বোরচরের প্রত্যন্ত অঞ্চলে বিভিন্ন পয়েন্টে ও অবাধে মাছ বিক্রি করা হচ্ছে। শিবচর ছাড়াও আশপাশের বিভিন্ন এলাকা থেকে ক্রেতারা আসায় বাজারগুলো বেশ জমজমাট হয়ে উঠছে।

অভিযানে সীমাবদ্ধতা ও প্রশাসনের বক্তব্য- অবৈধ এ কর্মকাণ্ড রোধে মৎস্য বিভাগ, উপজেলা প্রশাসন ও নৌপুলিশের যৌথ অভিযান অব্যাহত রয়েছে। তবে দুর্গম চরাঞ্চল, জনবলসংকট, সীমিত বরাদ্দ এবং অভিযানের খবর আগেভাগে ফাঁকফোকর দিয়ে চরে পৌঁছে যাওয়ার কারণে পুরোপুরি ইলিশ শিকার ও বিক্রি বন্ধ করা কঠিন হয়ে পড়েছে বলে সংশ্লিষ্ট ব্যক্তিরা জানিয়েছেন। মতলব উত্তর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা স্বপন চন্দ্র দে জানান, সরকার ঘোষিত নিষেধাজ্ঞা বাস্তবায়নে মৎস্য বিভাগ, উপজেলা প্রশাসন ও নৌপুলিশের সমন্বয়ে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। তবে প্রশাসনের চোখ ফাঁকি দিয়ে কিছু অসাধু চক্র নদীতে জাল ফেলছে এবং বিভিন্ন স্থানে মাছ বিক্রি করছে। এসব অনিয়ম বন্ধে আমাদের অভিযান অব্যাহত রয়েছে। নৌ পুলিশ চাঁদপুর অঞ্চলের পুলিশ সুপার সৈয়দ মোশফিকুর রহমান জানান, মা ইলিশ রক্ষায় মৎস্য কর্মকর্তার সঙ্গে সমন্বয় করে নিয়মিত টহল ও অভিযান পরিচালনা করা হচ্ছে। বিভিন্ন স্থানে অস্থায়ী হাট বসার কথা স্বীকার করে উপজেলা নির্বাহী কর্মকর্তা মাহমুদা কুলসুম মনি বলেন, আমাদের জনবল সংকটের কারণে আমরা সব জায়গায় অভিযান পরিচালনা করতে পারছি না। তাছাড়া নদীতে জেলেরা এ বছর অত্যন্ত মারমুখী এবং শিশু জেলেদের নিয়ে নদীতে মাছ ধরতে নামছে যাদেরকে অনেক সময়ের বয়সের কারণে আইনের আওতায় আনা সম্ভব হচ্ছে না, তবে আমাদের অভিযান অব্যাহত আছে।

চাঁদপুর পাসপোর্ট অফিসে এমপি

ও সেবার মান নিশ্চিত করতে সবার সহযোগিতা প্রয়োজন বলেও মন্তব্য করেন তিনি। সাংবাদিকদের উদ্দেশে তিনি বলেন, আপনারা মাঝেমধ্যে পাসপোর্ট অফিসে এসে খোঁজখবর রাখবেন। আমরা চাঁদপুর পাসপোর্ট অফিসকে দুর্নীতিমুক্ত ও দালালমুক্ত হিসেবে দেখতে চাই। সাধারণ মানুষ যাতে কোনো ধরনের হয়রানি ছাড়াই সহজে পাসপোর্ট সেবা পেতে পারেন, সেই লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তরে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেন তিনি। চাঁদপুর সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফয়েজ আহমেদ বলেন, আটক তিন ব্যক্তির বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

হাজীগঞ্জ ডিগ্রি কলেজ

এবং রজত জয়ন্তী উদযাপনের নির্দেশ দেন।

১৫ অক্টোবর (বৃহস্পতিবার) কলেজ ক্যাম্পাসে অত্যন্ত উৎসবমুখর ও বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে ২০২৬-২৭ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণীর নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে বক্তাদের দাবির প্রেক্ষিতে মেহের ডিগ্রি কলেজের জাতীয়করণের প্রসঙ্গ টেনে এমপি মমিনুল হক বলেন, "প্রধানমন্ত্রী তারেক রহমানের শাহরাস্তি সফরকালে হাজীগঞ্জ ডিগ্রি কলেজ জাতীয়করণের দাবি জানানোর বিষয়টি আমি শিক্ষামন্ত্রীর সাথে কথা বলে ঠিক করে রেখেছিলাম। কিন্তু মেহের ডিগ্রি কলেজের শিক্ষক, শিক্ষার্থী ও শাহরাস্তির স্থানীয় নেতৃবৃন্দ দোয়াভাঙ্গা গেট সড়কের পাশে দাঁড়িয়ে প্রধানমন্ত্রীর কাছে জাতীয়করণের দাবি জানান এবং প্রধানমন্ত্রী সেখানে তাৎক্ষণিক সম্মতি দেন। যার ফলে শিক্ষামন্ত্রী আমাকে হাজীগঞ্জ কলেজের বিষয়টি সেখানে আর নতুন করে প্রস্তাব না করার পরামর্শ দেন। শিক্ষামন্ত্রীর সেই পরামর্শ অনুযায়ী পরবর্তীতে আমি নিয়মকানুন মেনে হাজীগঞ্জ ডিগ্রি কলেজ জাতীয়করণের জন্য ডিও লেটার জমা দিয়েছি।"

এর আগে অনুষ্ঠানের শুরুতে কলেজের পক্ষ থেকে প্রধান অতিথিসহ আমন্ত্রিত অতিথিদের ফুলেল সংবর্ধনা দেওয়া হয়। এরপর প্রধান অতিথি ইঞ্জিনিয়ার মোঃ মমিনুল হক ফুলের স্টিক দিয়ে নবীন শিক্ষার্থীদের বরণ করে নেন।

কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোঃ মোজাম্মেল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন হাজীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোঃ ইবনে আল জাহেদ হোসেন, উপজেলা বিএনপির সদস্য সচিব এম এ রহিম পাটওয়ারী এবং পৌর বিএনপির সদস্য সচিব মোঃ খোরশেদ আলম ভুট্টো। কলেজের সহকারী অধ্যাপক তৌহিদা আক্তারের সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন শিক্ষক প্রতিনিধি ও সহকারী অধ্যাপক মোঃ মাকসুদুর রহমান, বিদ্যুৎসাহী সদস্য মোঃ এমরান হোসেন, দাতা সদস্য মোঃ মোস্তফা মজুমদার সুমন। এছাড়া নতুন শিক্ষার্থীদের পক্ষ থেকে বক্তব্য রাখেন ইশা তাহমিনা ঐশী ও নূরজাহান আক্তার।

চাঁদপুরে আন্-নাজির

তাঁকে উষ্ণ অভ্যর্থনা জানায়। এরপর প্রধান অতিথি উদ্বোধনী ফলক উন্মোচন করে স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশানের যৌথ অংশীদারিত্বে আন্ নাজির ট্রাস্ট এর কার্যক্রম আনুষ্ঠানিক শুভ উদ্বোধন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশন ও আন্-নাজির ট্রাস্টের প্রতিষ্ঠাতা ড. রহমান জিলানী পিএইচডি।

প্রধান অতিথির বক্তব্যে শেখ ফরিদ আহমেদ মানিক এমপি প্রতিষ্ঠানের অবকাঠামোগত উন্নয়ন ও শিক্ষা সেবার প্রসারে তাৎক্ষণিক সহায়তা হিসেবে সরকারি টিআর/কাবিখা তহবিল থেকে ৩ লক্ষ টাকা অনুদান বরাদ্দের ঘোষণা দেন। তিনি বলেন, "আজকে যদি পারেন আমাকে একটি আবেদনপত্র দিয়েন, আমি টিআর/কাবিখা থেকে ৩ লক্ষ টাকা বরাদ্দ দিয়ে যাব।

উদ্বোধনী অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসাবে বক্তব্য রাখেন এবং উপস্থিত ছিলেন চাঁদপুর সরকারি কলেজ মসজিদের খতিব ও আন্ নাজির আইডিয়াল মাদ্রাসার অধ্যক্ষ আলহাজ্ব হাফেজ মাওলানা নিজামুল হক, মাদ্রাসার উপাধ্যক্ষ দেওয়ান মোহাম্মদ হারিস, চাঁদপুর জেলা বিএনপির সহ-সভাপতি খলিলুর রহমান গাজী, সহ-সভাপতি ফেরদৌস আলম বাবু,চাঁদপুর পৌর বিএনপির সভাপতি আক্তার হোসেন মাঝি,সাংগঠনিক সম্পাদক শরিফ উদ্দিন আহমেদ পলাশ, বিএনপি নেতা আনোয়ার হোসেন বাচ্চু, আব্দুল কাদের দেওয়ান মিন্টু প্রমুখ। এছাড়াও অনুষ্ঠানে এলাকার গণ্যমান্য ব্যক্তি, সুশীল সমাজের প্রতিনিধি, শিক্ষক-শিক্ষার্থী এবং বিপুল সংখ্যক স্থানীয় অধিবাসী উপস্থিত ছিলেন।

'ক্লীন চাঁদপুরের' উদ্যোগে

ধোয়ার গুরুত্ব সম্পর্কে সচেতন করতে হবে। এ ধরনের সচেতনতামূলক উদ্যোগ জনস্বাস্থ্য সুরক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মো. খায়রুল কবীর। 'ক্লীন চাঁদপুরের' প্রতিষ্ঠাতা অ্যাড. নুরুল আমিন খান আকাশ। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ৭ম শ্রেণির শিক্ষার্থী ফাতিমা আহমদ ও গীতা থেকে পাঠ করেন হাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থী সৌমিত্র সাহা নিলান্দ্রী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. মমিনুল হক সাজ্জাদ, মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. মকবুল হোসেন এবং হাসান আলী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আইনুন নাহারসহ সংশ্লিষ্ট বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা। কর্মসূচিতে হাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয়, মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, হাসান আলী সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ড্যাফোডিল স্কুল অ্যান্ড কলেজের প্রায় ১ হাজার শিক্ষার্থী অংশগ্রহণ করে।

ড্যাফোডিলে শেষ হলো

প্রবন্ধ উপস্থাপন করেন মালদ্বীপের মান্যবর হাইকমিশনার হিজ এক্সেলেন্সি শিউনীন রশীদ। গ্র্যান্ড অ্যাওয়ার্ড ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রিন্সিপাল এসডিজি কো-অর্ডিনেটর প্রফেসর ড. এস. এম. আব্দুল আউয়াল। প্রধান অতিথি তাঁর বক্তব্যে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সাসটেইনেবিলিটি সম্পর্কিত উদ্যোগসমূহের ভূয়সী প্রশংসা করেন এবং ছাত্রছাত্রীদের মাঝে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি)-এর গুরুত্ব তুলে ধরেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্লোভাকিয়ার স্লোভাক ইউনিভার্সিটি অব টেকনোলজির লুসিয়া মিয়াডোকোভা। সমাপনী অনুষ্ঠানে সপ্তাহব্যাপী অনুষ্ঠিত সাসটেইনেবল প্রজেক্ট কম্পিটিশন, সোশ্যাল বিজনেস এক্সপোজার প্রোগ্রাম (এসবিইপি) এবং এসডিজি ইয়ুথ ডায়ালগের বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। একইসাথে আয়োজনে সার্বিক সহযোগিতার জন্য সংশ্লিষ্ট বিভাগ ও ক্লাবগুলোকে টোকেন অব অ্যাপ্রিসিয়েশন প্রদানের মধ্য দিয়ে এই মেগা আয়োজনের সফল সমাপ্তি ঘটে।

মক্কায় মসজিদে 'অনৈতিক কাজ',

মর্যাদা লঙ্ঘনের বিষয়টি বিবেচনায় নিয়ে আদালত তাদের বিবেচনামূলক শাস্তি হিসেবে মৃত্যুদণ্ড দেন। পরবর্তী সময়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ রায় বহাল রাখে। এরপর দণ্ড কার্যকরের জন্য রাজকীয় আদেশ জারি করা হয়। মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, ২০২৬ সালের ১৪ অক্টোবর মক্কা অঞ্চলে নাজেরুল ইসলাম আবদুল বাসির ও সিতি আখতারের মৃত্যুদণ্ড কার্যকর করা হয়। সৌদি স্বরাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, মসজিদের পবিত্রতা রক্ষা, নিরাপত্তা নিশ্চিত করা, ন্যায়বিচার প্রতিষ্ঠা এবং ইসলামি আইন প্রয়োগে সরকার অঙ্গীকারবদ্ধ। বিবৃতিতে সতর্ক করে বলা হয়, ভবিষ্যতে কেউ এ ধরনের অপরাধে জড়িত হলে তাকেও আইনি পরিণতির মুখোমুখি হতে হবে।

চাঁদপুর প্রেসক্লাবের সঙ্গে

রুশদী ও সাধারণ সম্পাদক এম এ লতিফের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ এবং পারস্পরিক শুভেচ্ছা বিনিময় করেন। সাক্ষাৎকালে চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী ও সাধারণ সম্পাদক এম এ লতিফ উপস্থিত ছিলেন। এ সময় ন্যাশনাল ব্যাংক চাঁদপুর শাখার নির্বাহী কর্মকর্তা রিয়াদ আহমেদও সঙ্গে ছিলেন। সৌহার্দ্যপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত এ সৌজন্য সাক্ষাতে পারস্পরিক যোগাযোগ ও সম্প্রীতির বিষয়টি গুরুত্ব পায়। ব্যাংক কর্মকর্তারা জানান, ১৫ অক্টোবর থেকে ন্যাশনাল ব্যাংকের চাঁদপুর শাখায় পুরোদমে ব্যাংকিং কার্যক্রম চালু হবে। গ্রাহকদের আমানতের টাকা দ্রুত ফেরত দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হচ্ছে।

মতলব দক্ষিণে বিশ্ব

জনসচেতনতা বাড়াতে এ কর্মসূচির আয়োজন করা হয়। বৃহস্পতিবার (১৫ অক্টোবর) মতলব দক্ষিণ উপজেলা পরিষদ প্রাঙ্গণ থেকে র‍্যালিটি বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে পৌরসভা কার্যালয়ে এসে শেষ হয়। পরে পৌরসভা কার্যালয়ে অনুষ্ঠিত হয় আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার ও মতলব পৌরসভার প্রশাসক কেএম ইশমাম। এসময় উপস্থিত ছিলেন পৌর নির্বাহী কর্মকর্তা ছাইফুর রহমান, মতলব পৌর বিএনপির সভাপতি শোয়েব আহমেদ সরকার,মতলব প্রেসক্লাবের সিনিয়র যুগ্ম আহবায়ক গোলাম সারওয়ার সেলিম, মতলব পৌরসভার সাবেক সাধারণ সম্পাদক মাহফুজ মল্লিক প্রমুখ। । এ বছরের জাতীয় স্যানিটেশন মাস ও বিশ্ব হাত ধোয়া দিবসের প্রতিপাদ্য ছিল 'আমাদের হাত, আমাদের ভবিষ্যৎ'।

হাজীগঞ্জ বালিকা সপ্রাবি'র

ও কর্মসংস্থান মন্ত্রণালয়-সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য ইঞ্জিনিয়ার মমিনুল হক। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাজীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. ইবনে আল জায়েদ হোসেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা শাহাদাত হোসেন, হাজীগঞ্জ থানার অফিসার ইনচার্জ কাওসার আলম ভূঁইয়া, হাজীগঞ্জ উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক হাসান মিয়াজী এবং অ্যাডভোকেট ওমর ফারুক টিটু। প্রধান অতিথির বক্তব্যে সংসদ সদস্য ইঞ্জিনিয়ার মমিনুল হক বলেন, শিক্ষার্থীরাই দেশের ভবিষ্যৎ। তাদের মেধা ও প্রতিভার বিকাশে মানসম্মত শিক্ষার পাশাপাশি নৈতিকতা, শৃঙ্খলা ও মানবিক মূল্যবোধের চর্চা জরুরি। শিক্ষার্থীদের মনোযোগ দিয়ে পড়াশোনা করে নিজেদের যোগ্য ও আদর্শ নাগরিক হিসেবে গড়ে তুলতে হবে। এ ক্ষেত্রে শিক্ষকদের আন্তরিকতা এবং অভিভাবকদের সচেতন ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি শিক্ষার্থীদের সাফল্যের ধারাবাহিকতা বজায় রেখে ভবিষ্যতে আরও ভালো ফলাফল অর্জনের জন্য উৎসাহিত করেন। অনুষ্ঠানে বৃত্তি পরীক্ষায় কৃতিত্ব অর্জনকারী ৩৪ জন শিক্ষার্থীকে সংবর্ধনা ও সম্মাননা প্রদান করা হয়। এ ধরনের আয়োজন শিক্ষার্থীদের পড়াশোনায় আগ্রহ বাড়ানোর পাশাপাশি ভবিষ্যতে আরও ভালো ফলাফল অর্জনে অনুপ্রেরণা জোগাবে বলে আশা প্রকাশ করেন সংশ্লিষ্টরা। অনুষ্ঠান শেষে সংসদ সদস্য ইঞ্জিনিয়ার মমিনুল হক হাজীগঞ্জ পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় পরিদর্শন করেন। এ সময় তিনি বিদ্যালয়ের শিক্ষার্থীদের উদ্দেশে সংক্ষিপ্ত বক্তব্য দেন।

মতলব উত্তরে মহানবী (স.)

আলম, হাফেজ মাওলানা আমির হামজা, মাওলানা গোলাম মোস্তফা হামিদি প্রমুখ। আরো উপস্থিত ছিলেন, মাওলানা মোতালেব হোসেন নবাবপুরী, মাওলানা তাফসির হোসেন, মাওলানা হোসাইন আহমেদ আশিকি, মাওলানা সাইফুল ইসলাম আশিকি, মাওলানা তাজুল ইসলাম জিহাদী, মাওলানা মুজাহিদুল ইসলাম, রাসেল ফয়েজ আহমেদ শাহীন চৌধুরী, মতলব উত্তর উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক মোঃ শাহজালাল প্রধান, ডাঃ দিল মোহাম্মদ ধনু সহ আরো অনেকে। বক্তারা বলেন, মহান আল্লাহর প্রিয় রাসুল আমাদের প্রিয় নবী হযরত মুহাম্মদ (স.) কে নিয়ে যে কটূক্তি করেছে সেই নাস্তিক হাশেমের অনতিবিলম্বে ফাঁসি কার্যকর করতে হবে। এই বাংলার জমিনে কোন নাস্তিকের ঠাঁই হবে না। যাকে সৃষ্টি না করলে দুনিয়াই সৃষ্টি হতো না সেই নবীকে নিয়ে কোনরকম কটূক্তি সহ্য করা হবে না। তাই আমরা সরকারের কাছে জোড় দাবি জানাচ্ছি এই নাস্তিক হাশেমকে আইনের আওতায় এনে ফাঁসির রায় কার্যকর করতে হবে।

সন্তান সুশিক্ষিত না হলে

এলাকাস্থ মাদরাসা মিলনায়তনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক এবং চাঁদপুর পৌরসভার মেয়র পদপ্রার্থী আলহাজ্ব মোঃ মোশারফ হোসাইন। তিনি বক্তব্যে বলেন, জ্ঞান অর্জন করতে ইসলাম তাগিদ দিয়েছেন। আর সেই আলোকে যদি আমরা জ্ঞান অর্জন করি- তাহলে সেটা হবে নিজের জন্য, দেশের জন্য এবং মানুষের জন্য। সন্তান সুশিক্ষিত না হলে বাবা-মায়ের সকল পরিশ্রমই বৃথা যাবে। তাই সন্তানদের সুশিক্ষা নিশ্চিত করতে বাবা মাকে সবচেয়ে বেশি ভূমিকা রাখতে হয়। আমাদের মাননীয় প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, বাংলাদেশের মানুষ চায় তাদের সন্তান যেন সুশিক্ষায় শিক্ষিত হয়। পাশাপাশি তারা যেন এমন শিক্ষা পায়, যা গ্রহণ করে কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারবে। তিনি বলেন, পৌরসভার নাগরিক হিসেবে ১৫নং ওয়ার্ড উন্নয়নে পিছিয়ে আছে। তার সাথে লেখাপড়ায়ও পিছিয়ে। বিশেষ করে জিটি রোড উত্তর এলাকার মানুষের জীবন যাপন দেখলে বুঝা যায়, তারা রাষ্ট্রের নাগরিক সুবিধা থেকে কতটা পিছিয়ে আছে। আমার মনে হয় এখানকার নাগরিকদের শুধুমাত্র ভোট আর ট্যাক্সের জন্য পৌরসভার অন্তর্ভুক্ত করা হয়েছে, পৌরসভার সেবা দিতে নয়। আপনাদের নাগরিক অধিকার নিশ্চিত করতে হলে, আগামীতে জনপ্রতিনিধি নির্বাচনে অনেক বেশি সতর্ক এবং দায়িত্বশীল হতে হবে। এমন ব্যক্তিকে পৌরসভার মেয়র হিসেবে নির্বাচিত করবেন, যিনি সত্যিকার অর্থে আপনার আমানতের প্রতিদান দিবে।

আলহাজ্ব মোশারফ হোসাইন আরো বলেন, সমাজকে উন্নত করতে হলে শিক্ষার কোন বিকল্প নেই। আর সেই শিক্ষাটা হতে হবে আদর্শ ও নৈতিক শিক্ষা। বর্তমানে চাঁদপুরে কিশোর-কিশোরীদের অপরাধ প্রবণতা বেড়েছে। আমাদের চাঁদপুর-৩ আসনের এমপি শেখ ফরিদ আহমেদ মানিক সাহেব কিশোরগ্যাং ও মাদকের ব্যাপারে জিরো টলারেন্স ঘোষণা করেছেন। এমনসব সামাজিক অবক্ষয় প্রতিরোধে নানাবিধ উদ্যোগ গ্?হণ করছেন। আমাদের সাংবাদিক মাওলানা মোঃ আবদুর রহমান গাজী তার বাবা মায়ের নামে জিটি রোড এলাকায় একটি মাদরাসা প্রতিষ্ঠা করেছেন। এর মাধ্যমে তিনি শিক্ষার আলো ছড়িয়ে দিচ্ছেন। এই প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জ্ঞান চর্চা এবং শৃঙ্খলা আমাকে মুগ্ধ করেছে। এজন্য আমার পক্ষ থেকে মাওলানা মোঃ আবদুর রহমানসহ সকল শিক্ষকদের আন্তরিক ধন্যবাদ জানাই। মাদরাসার পরিচালক মাওলানা মোঃ আবদুর রহমান গাজীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, জেলা শিক্ষা অধিদপ্তরের সহকারী শিক্ষা অফিসার মোঃ সুমন খান ও দৈনিক চাঁদপুর প্রতিদিনের কামরুল ইসলাম পাটওয়ারী। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন অভিভাবক সদস্য আলহাজ্ব মোঃ আমিনুল হক বেপারী।

মাদরাসার শিক্ষক মহিবুর রহমান মহিব্বুলাহর সঞ্চালনায় ইসলামী সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিচারকের দায়িত্ব পালন করেন মাদরাসার শিক্ষক মোঃ রাশেদ হোসেন, মোঃ আঃ ছাত্তার খাঁন ও আব্দুল আলী আব্দুল্লাহ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চাঁদপুর সাহিত্য একাডেমির পরিচালক (গ্রন্থাগার, সেমিনার ও শিশু সাহিত্য) আশিক বিন রহিম, এলাকার মুরব্বি ও শিক্ষানুরাগী মোঃ মিজানুর রহমান মিজি, মোঃ লোকমান হোসেন তালুকদার, মাদরাসার শিক্ষক মোঃ আবুল খায়ের, মোঃ জসিম উদ্দিন ও বোরহান সাইফ। অনুষ্ঠানে মাদরাসার শিক্ষার্থীরা কোরআন তেলাওয়াত, হামদ-নাত ও কবিতা আবৃত্তিতে শ্রেণীভিত্তিক অংশ নেন। বিজয়ীদের আগামী ৩০ অক্টোবর শুক্রবার মাদরাসার বার্ষিক মাহফিলে বাদ মাগরিব পুরস্কার প্রদান করা হবে। অনুষ্ঠানের প্রধান অতিথি মাদরাসার শিক্ষক ও শিক্ষার্থীদের নিয়ে বৃক্ষরোপণ করেন।

শাহরাস্তি উপজেলা শ্রমিক দলের

বাজির অভিযোগ এসেছে। তাছাড়া দলের বিরুদ্ধে কুৎসা রটিয়ে দলের ভাবমূর্তি ক্ষুন্ন করেন। বর্তমানে দলের সাথে তার কোনো সম্পকৃক্তা নাই। তার কর্মকান্ডের দায়ভার দল বহন করবে না। প্রেস বিজ্ঞপ্তি

কচুয়ার নুরুল আজাদ কলেজে

পরিচালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন, সহকারী অধ্যাপক ফরহাদ হোসেন তালুকদার, মিজানুর রহমান ফাহিম,অনাথ বন্ধু সরকার, আনোয়ার হোসেন প্রমুখ। এ সময় কলেজের শিক্ষক, অভিভাবক ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

নামাজ, গোপন পাপ থেকে মুক্তির প্রধান উপায়

দিগন্ত ডেস্ক

ইতিহাসের শ্রেষ্ঠ প্রজন্ম ছিলেন সাহাবিরা। তাঁরাও ছিলেন রক্তমাংসের মানুষ এবং মানবিক ভুলের ঊর্ধ্বে তাঁরা ছিলেন না। তবে সাধারণ মানুষের সঙ্গে তাঁদের মূল পার্থক্য ছিল অপরাধবোধ ও অনুশোচনার জায়গায়। কোনো ভুল হয়ে গেলে তাঁরা তা ঢাকতে অহেতুক অজুহাত বা যুক্তি দাঁড় করাতেন না, বরং অনুতপ্ত হয়ে ক্ষমার চাইতেন।

মদিনার দূরবর্তী এলাকায় এক ব্যক্তি জনৈক নারীর সঙ্গে অপরাধে জড়িয়ে পড়েন, যদিও তা চূড়ান্ত পাপাচারে গড়ায়নি। কিন্তু লোকটির মনে চরম অপরাধবোধ জেগে ওঠে। তিনি নবীজির দরবারে হাজির হয়ে নিজের অন্যায়ের কথা স্বীকার করেন এবং নিয়ম অনুযায়ী শাস্তি চেয়ে বসেন।

ঘটনা শুনে সাহাবি ওমর (রা.) তাঁকে গোপনে তওবার উপদেশ দিয়ে বলেন, 'আল্লাহ যখন তোমার ভুলটি গোপন রেখেছেন, তখন তোমারও উচিত ছিল তা গোপন রাখা।' (সহিহ মুসলিম, হাদিস: ২৭৬৩)

শুধু দোয়া নাকি নামাজ

অনেকেই মনে করেন, আল্লাহর কাছে হাত তুলে শুধু ক্ষমা প্রার্থনা বা মুখে দোয়া করলেই পাপ মোচন হয়ে যায়, পাঁচ ওয়াক্ত নামাজ আদায় করার প্রয়োজন নেই। এটি একটি ভুল দৃষ্টিভঙ্গি।

আরেকটি প্রবণতা হলো পাপের পর হীনম্মন্যতায় ভোগা যে এখন আর নামাজ পড়ে কী হবে। সারাদিন তো অন্যায় কাজ করলাম, এখন নামাজ পড়লে তো সেটা ভণ্ডামি হবে! আমার এই পবিত্র ইবাদত কি আর আল্লাহ কবুল করবেন? ইসলাম শেখায়, পাপ যত গভীরই হোক না কেন, তওবা এবং আমলের দরজা বান্দার জন্য কখনো বন্ধ হয় না। নামাজ শুধু নিখুঁত ও নিষ্পাপ মানুষের জন্য নয়; বরং এটি হলো পাপাঙ্কিত মানুষের আত্মাকে পবিত্র করার প্রধান হাতিয়ার।

কেউ গুরুতর অসুস্থ হলে যেমন জীবন বাঁচাতে ওষুধ খাওয়া বন্ধ করে দেয় না, তেমনি ভুল বা পাপের সাগরে ডুবে গেলেও ইমানের মূল স্তম্ভ নামাজ কোনো অবস্থাতেই ত্যাগ করা যাবে না।

পাপ গোপনের রহস্য

অনুশোচনায় দগ্ধ সেই সাহাবির ঘটনাটি শোনার পর মহানবী (সা.) প্রথমে নীরব রইলেন। তিনি তাঁকে সামাজিকভাবে লজ্জিত করলেন না। লোকটি যখন অনুতপ্ত চিত্তে ফিরে যাচ্ছিল, তখন নবীজি তাকে ডেকে পাঠানোর নির্দেশ দিলেন।

লোকটি ফিরে এলে তিনি তাকে কোরআনের একটি আয়াত পাঠ করে শোনালেন, "আর দিনের দুই প্রান্তেই নামাজ কায়েম করো এবং রাতের কিছু অংশেও। নিশ্চয়ই ভালো কাজ মন্দ কাজকে মুছে দেয়। উপদেশ গ্রহণকারীদের জন্য এটি এক মহতী উপদেশ।" (সুরা হুদ, আয়াত: ১১৪)

ইসলামে নিজের কোনো ব্যক্তিগত পাপ সামাজিকভাবে প্রকাশ করাকে উৎসাহিত করা হয় না। অপরাধ যদি অপরের অধিকার বা ক্ষতির সঙ্গে যুক্ত না থাকে, তবে তা নিজের ও স্রষ্টার মাঝেই গোপন রেখে খাঁটি মনে তওবা করাই উত্তম বিধান।

ইবনে কাসির উল্লেখ করেছেন যে, কোনো বান্দা যখন গোপনে ভুল করে লজ্জিত হয়ে তওবা করে, তখন মহান আল্লাহ তাঁর দয়ায় সেই পাপ ঢেকে দেন এবং সৎকাজের মাধ্যমে তা মুছে দেন। (ইবনে কাসির, তাফসিরুল কুরআনিল আজিম, ৪/৩৪৫, দারুল ফিকর, বৈরুত, ১৯৯৪)

উপস্থিত এক সাহাবি যখন প্রশ্ন করলেন, 'আল্লাহর রাসুল, এই ক্ষমার বার্তা কি শুধু এই ব্যক্তির জন্যই প্রযোজ্য?' মহানবী (সা.) জবাব দিলেন, 'না, বরং এটি কেয়ামত পর্যন্ত আমার সব উম্মতের জন্য।' (সহিহ মুসলিম, হাদিস: ২৭৬৩)

নামাজ: আত্মার ময়লা ধোয়ার পবিত্র নদী

প্রতিদিনের পাঁচ ওয়াক্ত নামাজ বান্দার জন্য আত্মশুদ্ধি ও মানসিক প্রশান্তির অনন্য উৎস। মহানবী (সা.) নামাজের এই পাপমোচনকারী ক্ষমতাকে অত্যন্ত চমৎকার এক রূপকের মাধ্যমে সাহাবিদের সামনে তুলে ধরেছিলেন।

তিনি জিজ্ঞেস করেছিলেন, 'তোমাদের কারও বাড়ির সামনে যদি একটি বহমান নদী থাকে এবং সে যদি প্রতিদিন তাতে পাঁচবার গোসল করে, তবে তার শরীরে কি কোনো ময়লা অবশিষ্ট থাকবে?' সাহাবিরা উত্তর দিয়েছিলেন, 'না, কোনো ময়লা থাকবে না।'

তখন আল্লাহর রাসুল বললেন, 'পাঁচ ওয়াক্ত নামাজের উদাহরণও ঠিক তদ্রূপ। এর মাধ্যমে মহান আল্লাহ বান্দার ছোট ছোট ভুলগুলো মুছে দেন।' (সহিহ বুখারি, হাদিস: ৫২৮)

সাহাবি আবু জর (রা.) বলেন, শীতকালে নবীজি গাছের একটি শুকনো ডাল হাতে নিলে তা থেকে টপ টপ করে পাতা ঝরতে লাগল। তখন তিনি বললেন, 'আবু জর, একজন মুসলিম যখন শুধু আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে নামাজ আদায় করে, তখন তার পাপগুলো ঠিক এই গাছের পাতার মতোই ঝরে পড়ে।' (মুসনাদে আহমদ, হাদিস: ২১৫৯৬)

অন্য এক বর্ণনায় মহানবী (সা.) স্পষ্ট করেছেন যে বড় কোনো অপরাধ না করলে এক নামাজ থেকে অন্য নামাজ, এক জুমা থেকে অন্য জুমা এবং এক রমজান থেকে পরবর্তী রমজান মধ্যবর্তী সময়ের ছোট ছোট অপরাধগুলোর প্রায়শ্চিত্ত হিসেবে কাজ করে। (সহিহ মুসলিম, হাদিস: ২৩৩)

হতাশা কাটিয়ে ফেরার পথ

আজকের এই ডিজিটাল প্রযুক্তির যুগে তরুণ ও সাধারণ মানুষের সামনে প্রলোভন এবং ফিতনার পথ অনেক সহজ হয়ে গেছে। সামাজিক যোগাযোগমাধ্যম ও ভার্চুয়াল জগতের হাতছানিতে যেকোনো মুহূর্তে মানুষ ভুল কদমে পা বাড়াতে পারে।

ভুল করার পর মুমিন হৃদয়ে যখন অপরাধবোধ জাগে, তখন অনেকেই কেবল মুখে একটু মাফ চেয়েই দায়িত্ব শেষ মনে করেন কিংবা শয়তানের প্ররোচনায় পড়ে নামাজ আদায় করা ছেড়ে দেন।

মনে রাখা প্রয়োজন, শুধু মৌখিক দোয়া বা আফসোস নামাজের বিকল্প হতে পারে না। নামাজ হলো আল্লাহর সঙ্গে সরাসরি সম্পর্ক জোড়ার এবং বান্দার পাপের কালিমা ধুয়ে ফেলার একমাত্র প্রায়োগিক মাধ্যম।

তাই অতীতের ভুল বা পাহাড়সম পাপ নিয়ে নিরাশ না হয়ে, অজু করে দুই রাকাত নফল বা ফরজ নামাজে দাঁড়িয়ে যান। কোরআনের চিরন্তন ঘোষণা অনুযায়ী, সৎকর্ম ও নামাজই অন্ধকার থেকে আলোর পথে ফেরার একমাত্র নির্ভরযোগ্য ঠিকানা।

পাপ আসলে কী, পাপের ক্ষতি কী, কীভাবে বুঝব কোনটা পাপ

মনযূরুল হক

অনেক ধর্মীয় পরিবেশে শিশুদের একধরনের অপরাধবোধ ও মানসিক ভীতির মধ্য দিয়ে বড় করা হয়। সন্তান একটু ভুল কাজ করলেই বলা হয়, 'তুমি পাপ করেছ, আল্লাহ তোমার ওপর কষ্ট পাচ্ছেন' কিংবা 'তোমার এই কাজে ফেরেশতারা লজ্জা পাচ্ছেন।'

অনেক ধর্মীয় বক্তাও এমন কথা বলে থাকেন যে মানুষ অপরাধ করলে আল্লাহর আরশ কেঁপে ওঠে কিংবা আল্লাহ কষ্ট পান।

বাহ্যিকভাবে এই কথাগুলো পাপ থেকে দূরে রাখার কৌশল মনে হলেও, এর পেছনে একটি চিন্তাগত ভ্রান্তি লুকিয়ে রয়েছে। আল্লাহ কি এতটাই দুর্বল যে সামান্য মানুষের ভুলত্রুটিতে তিনি কষ্ট পাবেন?

এই ধরনের মনস্তাত্ত্বিক চাপ দিয়ে মানুষকে ক্ষণিকের জন্য ভয় দেখানো গেলেও, বিবেকবান বা অনুসন্ধানী মানুষ একসময় এই অযুক্তিক ধারণা থেকে মুখ ফিরিয়ে নেয়।

কোরআনের দৃষ্টিভঙ্গি

ইসলামের মূল বিশ্বাসের অন্যতম হলো আল্লাহর অসীম অমুখাপেক্ষিতা (আল-সামাদ ও আল-গনি)। মহান আল্লাহ মানুষের ভালো কাজ বা নামাজের মুখাপেক্ষী নন, কিংবা মানুষের অপরাধ বা অমান্যতায় তাঁর কোনো ক্ষতি হয় না।

পুরো মানবজাতি যদি গভীর ধার্মিক হয়ে যায়, তাতে আল্লাহর মর্যাদায় একবিন্দুও বৃদ্ধি ঘটে না; আবার পুরো বিশ্ব যদি নাস্তিক বা পাপাচারী হয়ে যায়, তবুও তাঁর ক্ষমতার বিন্দুমাত্র ক্ষতি হয় না।

কোরআনে সেই সত্য প্রকাশ করে বলা হয়েছে, আল্লাহ, তিনি ছাড়া কোনো ইলাহ নেই। তিনি চিরঞ্জীব, সবকিছুর ধারক। তাঁকে তন্দ্রা ও নিদ্রা স্পর্শ করে না। আসমান ও জমিনে যা কিছু রয়েছে সবই তাঁর। কে আছে যে তাঁর অনুমতি ছাড়া তাঁর কাছে সুপারিশ করবে? তিনি জানেন মানুষের সামনে ও পেছনে যা কিছু আছে। আর তাঁর জ্ঞানের কোনো কিছুই মানুষ আয়ত্ত করতে পারে না, তিনি যতটুকু ইচ্ছা করেন তা ছাড়া। তাঁর কুরসি আসমান ও জমিন পরিব্যপ্ত এবং এ দুটির সংরক্ষণ তাঁর জন্য মোটেই কঠিন নয়। আর তিনি পরম উচ্চ, মহাসমহিম। (সুরা বাকারা, আয়াত: ২৫৫)

ইমাম গাজালি উল্লেখ করেছেন, মহান আল্লাহ বিশ্বজগতের সমস্ত উপাসনা ও ইবাদতের ঊর্ধ্বে অবস্থান করেন; মানুষের ইবাদত তাঁর কোনো প্রয়োজন মেটায় না, বরং ইবাদত হলো বান্দার নিজের আত্মার সুস্থতা ও শান্তির খোরাক। (আল-গাজালি, ইহয়াউ উলুমিদ্দিন, ১/১৬৫, দারুল মারিফাহ, বৈরুত, ১৯৮২)

পাপের প্রকৃত সংজ্ঞা

যদি পরম আল্লাহ আমাদের কোনো ইবাদতের তোয়াক্কা না করেন এবং আমাদের পাপে তাঁর কোনো ক্ষতি না হয়, তবে 'পাপ' আসলে কী? কেন কিছু কাজকে নিষিদ্ধ বা পাপ বলা হয়েছে?

পাপ কোনো আবেগাক্রান্ত সত্তার মেজাজ খারাপের বিষয় নয়; বরং পাপ হলো এমন সব কাজ, যা মানুষের নিজের জন্য, তার পরিবারের জন্য কিংবা সামাজিক শান্তির জন্য ক্ষতিকর ও ধ্বংসাত্মক।

মহান আল্লাহ পরম দয়ায় মানুষকে এমন কিছু বিষাক্ত ফাঁদ ও আচরণ সম্পর্কে সতর্ক করে দিয়েছেন, যা মানুষকে ধ্বংসের দিকে ঠেলে দেয়।

পাপের ক্ষতি কী

উদাহরণস্বরূপ–মদ্যপান, জুয়া খেলা, ব্যভিচার, চুরি কিংবা অন্যায়ভাবে মানুষ হত্যা করাকে ইসলামে মহাপাপ বলা হয়েছে। সাময়িকভাবে এসব কাজে ক্ষণিক আনন্দ বা উত্তেজনা পাওয়া যায়, কিন্তু দীর্ঘমেয়াদে তা ডেকে আনে পারিবারিক অশান্তি, শারীরিক ব্যাধি, আর্থিক দেউলিয়াত্ব এবং সামাজিক বিভেদ।

যেসব পাপ মানুষের নিজের ক্ষতি করে, সেগুলোর ক্ষেত্রে অনেকেই প্রশ্ন তোলেন, 'আমার শরীর, আমার জীবন; আমি নিজের ক্ষতি করলে অন্যের কী সমস্যা?'

কোরআন আমাদের দৃষ্টিভঙ্গি সংশোধন করে দেয় যে মানুষ আসলে নিজেরও মালিক নয়। মানুষের অস্তিত্ব ও শরীরের প্রকৃত মালিক মহান আল্লাহ। কোরআনে বলা হয়েছে, তারা কি সৃষ্টিছাড়া এমনিতেই সৃষ্টি হয়েছে, নাকি তারা নিজেরাই নিজেদের সৃষ্টিকর্তা? (সুরা তুর, আয়াত: ৩৫)

যেহেতু আমরা নিজেদের সৃষ্টি করিনি এবং জীবনের অস্তিত্বের জন্য প্রাকৃতিকভাবে স্রষ্টার ওপর নির্ভর করতে হয়, তাই নিজের শরীর বা আত্মাকে ক্ষতিকর কাজে লিপ্ত করে ধ্বংস করার অধিকার মানুষের নেই। (ড. তারিক রমাদান, ইন দ্য ফুটস্টেপস অব দ্য প্রফেট, পৃষ্ঠা ৪৫, অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস, নিউইয়র্ক, ২০০৭)

কুফর ও শিরক কেন পাপ

যদি প্রশ্ন করা হয়, অবিশ্বাসী হওয়া বা আল্লাহকে অস্বীকার করা কীভাবে পাপ হয়, যেখানে তা সরাসরি কারও শারীরিক ক্ষতি করছে না? উত্তর হলো, মানুষের জীবনের মূল উদ্দেশ্য হলো পরম স্রষ্টাক চেনার মাধ্যমে অন্তরের স্থায়ী শান্তি খুঁজে পাওয়া।

স্রষ্টাকে অস্বীকার করা বা অন্য কোনো সৃষ্টিকে স্রষ্টার আসনে বসানো (শিরক) মানুষকে জীবনের মূল উদ্দেশ্য থেকে পুরোপুরি বিচ্যুত করে ফেলে। যে মানুষ আলোর উৎসকে অস্বীকার করে, সে তো অন্ধকারের পথেই হাঁটে।

পরম শান্তির উৎস আল্লাহকে অস্বীকার করলে মানুষ কখনোই আত্মিক স্বস্তি ও প্রশান্তি লাভ করতে পারে না। ফলে কুফর বা শিরক হলো নিজের আত্মার প্রতি করা সবচেয়ে বড় অবিচার ও পাপ।

কীভাবে বুঝব কোনটা পাপ

কোনো আচরণ বা কাজ পাপ কি না–তা যৌক্তিকভাবে নির্ধারণের মাপকাঠি হলো ইসলামের মূল লক্ষ্য বা 'মাসলাহা' (জনকল্যাণ)।

ইমাম আল-গাজালি উল্লেখ করেছেন, ইসলামের সমস্ত বিধানের মূল উদ্দেশ্য হলো মানুষের পাঁচটি মৌলিক বিষয়ের সুরক্ষা নিশ্চিত করা: ধর্ম, জীবন, প্রজনন বা বংশ, সম্পদ এবং বিবেক বা বুদ্ধি। এই পাঁচটির যেকোনো একটির জন্য যা কিছু ক্ষতিকর বা ধ্বংসাত্মক, তাই ইসলামে নিষিদ্ধ বা পাপ। (আল-গাজালি, আল-মুসতসফা মিন ইলম আল-উসুল, ১/২৮৬-২৮৭, দারুল কুতুব আল-ইলমিয়াহ, বৈরুত)

ইসলামি আইনতত্ত্বের প্রবক্তা তাহির ইবনে আশুর স্পষ্ট করেছেন যে মানুষের ব্যক্তিগত ও সামাজিক ক্ষতি রোধ করাই ইসলামি বিধানের মূল লক্ষ্য। সুতরাং, কোরআন-হাদিসের সুনির্দিষ্ট নিষেধাজ্ঞা এবং সুস্থ বিবেকে কোনো কাজ যদি এই মৌলিক কল্যাণগুলোর পরিপন্থী বা ক্ষতিকর প্রমাণিত হয়, তবেই তা নিশ্চিতভাবে 'পাপ' বলে গণ্য হবে। (ইবনে আশুরা, মাকাসিদ আল-শরিয়াহ আল-ইসলামিয়াহ, পৃষ্ঠা ২৫১, মিনহাজ আদ-দিরাসা, কায়রো)

পাপ থেকে মুক্তির দুয়ার

ইসলাম মানুষকে ফেরেশতাতুল্য নিখুঁত সত্তা হিসেবে দেখে না। মানুষ রক্তমাংসের তৈরি, তার ভেতর প্রবৃত্তি ও ভুলের ঝোঁক রয়েছে। জীবনে কখনো না কখনো মানুষ পা পিছলে পড়ে যেতেই পারে। তবে কোনো ভুল বা পাপ হয়ে যাওয়ার অর্থই জীবন শেষ হয়ে যাওয়া নয়।

পাপের সবচেয়ে বড় ক্ষতিকর দিক হলো তা মানুষকে হতাশার দিকে ঠেলে দেয়। কিন্তু ইসলামি জীবনদর্শনে পাপের পরপরই অনুতপ্ত হয়ে আল্লাহর দিকে ফিরে আসার পরম সুযোগ রাখা হয়েছে।

কোরআনে বলা হয়েছে, নিশ্চয়ই আল্লাহ তওবাকারী এবং পবিত্রতা অবলম্বনকারীদের ভালোবাসেন। (সুরা বাকারা, আয়াত: ২২২)

হাদিসে এসেছে, কোনো বান্দা যখন ভুল বুঝতে পেরে অনুতপ্ত চিত্তে তওবা করে, তখন আল্লাহ মরুভূমিতে হারিয়ে যাওয়া বাহন ও রসদ ফিরে পাওয়া পথিকের চেয়েও বেশি সন্তুষ্ট হন। (সহিহ বুখারি, হাদিস: ৬৩০৮)

মুসলিম সভ্যতায় অতিথি আপ্যায়নের শিষ্টাচার

মনযূরুল হক

অতিথি সেবাকে ইমানের অংশ এবং মানবীয় মর্যাদার এক অনন্য মাপকাঠি হিসেবে স্থান দিয়েছে ইসলাম। সপ্তম শতাব্দীতে আরব উপদ্বীপে যে সভ্যতার সূচনা হয়েছিল, তা সময়ের পরিক্রমায় এশিয়া, আফ্রিকা ও ইউরোপের বিশাল অঞ্চলে ছড়িয়ে পড়ে এবং স্থানীয় সংস্কৃতির সঙ্গে মিশে গিয়ে এক বর্ণাঢ্য সামাজিক ঐতিহ্যের জন্ম দেয়। (ফিলিপ কে. হিটি, হিস্ট্রি অব দ্য আরবস্, পৃষ্ঠা ৩১২, ম্যাকমিলান অ্যান্ড কোং, লন্ডন, ১৯৬৪)

এই সভ্যতার অন্যতম প্রধান স্তম্ভ হলো মেহমানদারি বা অতিথি আপ্যায়ন। এটি শুধু একটি সামাজিক প্রথা বা লৌকিকতা নয়, বরং আত্মশুদ্ধি, ইবাদত এবং পারস্পরিক সৌহার্দ্য স্থাপনের সুমহান মাধ্যম। (ইমাম গাজালি, ইহইয়ায়ু উলুমিদ্দিন, ২/৩৪৮, দারুল মাআরিফা, বৈরুত, ২০০৪)

ইসলামে মেহমানদারির গুরুত্ব

ইসলাম ধর্মে অতিথির আগমনকে পরম সৌভাগ্য এবং আল্লাহর বিশেষ রহমত হিসেবে গণ্য করা হয়। কোরআনে নবী ইব্রাহিম (আ.)-এর মেহমানদারির চমৎকার একটি ঘটনা উল্লেখ রয়েছে, যেখানে তিনি অচেনা মেহমানদের (যাঁরা মূলত ফেরেশতা ছিলেন) আপ্যায়নের জন্য দ্রুত নিজ ঘরে গিয়ে একটি তাজা ভুনা বাছুর নিয়ে হাজির হয়েছিলেন। (সুরা জারিয়াত, আয়াত: ২৪-২৭)

এটি অতিথির প্রতি আন্তরিক সেবার এক অপূর্ব দৃষ্টান্ত।

মহানবী (সা.) অতিথি আপ্যায়নকে ইমান ও পরকালের বিশ্বাসের সঙ্গে জড়িয়ে দিয়েছেন। বলেছেন, "যে ব্যক্তি আল্লাহ ও পরকালে বিশ্বাস রাখে, সে যেন তার মেহমানকে সম্মান করে।" (সহিহ বুখারি, হাদিস: ৬১৩৫)

ইসলামে মেহমানদারির সময়সীমাও নির্ধারণ করা হয়েছে; প্রথম দিন ও রাত হলো মেহমানের বিশেষ হক বা অধিকার, দ্বিতীয় দিন হলো সাধারণ মেহমানদারি, আর এরপরের দিনগুলো হলো সদকা বা অনুগ্রহ। (ইমাম নববি, সহিহ মুসলিম বি-শারহিন নববি, ১০/৪২, দারুল ইহইয়া আত-তুরাস আল-আরাবি, বৈরুত, ১৯৭২)

মুসলিম সমাজে আতিথেয়তার বিকাশ

খেলাফত আমল থেকে শুরু করে ওসমানিয়া সাম্রাজ্য, মুঘল আমল এবং আন্দালুসের মুসলিম সমাজে অতিথি আপ্যায়ন শিল্পের পর্যায়ে উন্নীত হয়েছিল। তৎকালীন মুসলিম শাসকেরা এবং সাধারণ মানুষ মেহমানদারির জন্য বিশেষ অবকাঠামো গড়ে তুলেছিলেন। (টমাস আর. আর্নল্ড, দ্য স্প্রেড অব ইসলাম ইন দ্য ওয়ার্ল্ড, পৃষ্ঠা ৮৫, গুড প্রেস, লন্ডন, ১৯১৩)

১. অতিথিশালা: বাগদাদ, দামেস্ক, কায়রো ও ইস্তাম্বুলের মতো প্রধান শহরগুলোতে শাসক ও ওয়াকফ বোর্ডের অর্থায়নে বিশাল সব অতিথিশালা বা সরাইখানা নির্মিত হতো; যাকে বলা হতো দারুল জিয়াফাত।

সেখানে দূরদূরান্ত থেকে আগত পথচারী, ব্যবসায়ী, শিক্ষার্থী ও দরিদ্র মেহমানরা বিনামূল্যে তিনবেলা খাবার এবং থাকার জায়গার ব্যবস্থা পেতেন। (তাকিউদ্দিন মাকরিজি, আল-মাওয়াইজ ওয়াল-ইবার ফি জিকরি খিতাতি ওয়াল-আসার, ২/৪১৫, দারুল কুতুব আল-ইলমিয়া, বৈরুত, ১৯৯৮)

ধনী-দরিদ্রের ভেদাভেদহীন এই প্রতিষ্ঠানগুলো ছিল মুসলিম সমাজের সাম্য ও কল্যাণের প্রতীক।

২. সুফি সংস্কৃতির লঙ্গরখানা: সুফি সাধকদের খানকাহ ও দরগাগুলো অতিথি আপ্যায়নের কেন্দ্রে পরিণত হয়েছিল। যেখানে প্রতিদিন হাজারো মানুষের জন্য 'লঙ্গরখানা' বা উন্মুক্ত ভোজের ব্যবস্থা থাকত। সেখানে জাতি, ধর্ম, বর্ণনির্বিশেষে যে কেউ গিয়ে খাবার গ্রহণ করতে পারত।

এই ধারাবাহিকতা আজও উপমহাদেশেরবিভিন্ন মাঝার ও খানকায় চোখে পড়ে। (আলি ইবনে ওসমান আল-হুজুইরি, কাশফুল মাহজুব, পৃষ্ঠা ১২৫, জিয়া পাবলিকেশন্স, লাহোর, ১৯৮৮)

অতিথি আপ্যায়নের শিষ্টাচার

মুসলিম সভ্যতায় অতিথি আপ্যায়নের ক্ষেত্রে কিছু সুনির্দিষ্ট আদব রয়েছে, যা মেজবান ও মেহমান উভয়ের জন্য প্রযোজ্য। এগুলো সমাজকে শৃঙ্খলিত ও সৌহার্দ্যপূর্ণ রাখে। (কাজি আয়াজ, শিফা শরিফ, ১/২১০, দারুল ফিকর, বৈরুত, ২০০১)

মেজবানের শিষ্টাচার

১. আন্তরিক হাসি: মেহমান ঘরে প্রবেশ করার সঙ্গে সঙ্গেই হাসিমুখে তাঁকে স্বাগত জানানো এবং বসার জন্য সুন্দর ও আরামদায়ক স্থান নির্বাচন করা।

২. বিলম্ব না করে আপ্যায়ন: অতিথি আসার সঙ্গে সঙ্গে তাঁর ক্লান্তি দূর করার জন্য পানি এবং সাধ্যমতো খাবার বা নাস্তা পরিবেশন করা। মুঘল ও মধ্যপ্রাচ্যের সংস্কৃতিতে গোলাপজল ছিটিয়ে এবং সুগন্ধি বা ধূপ জ্বেলে মেহমানকে বরণ করার রেওয়াজ ছিল। (আবুল ফজল, আইন-ই আকবরি, ১/২৭০, এশিয়াটিক সোসাইটি, ক্যালকাটা, ১৮৭৩)

৩. কৃত্রিমতা বর্জন করা: অতিরিক্ত লৌকিকতা বা কৃত্রিম আড়ম্বর দেখিয়ে মেহমানকে বিব্রত না করা। আলী (রা.) বলেন, নিজের সামর্থ্যের বাইরে গিয়ে মেহমানের জন্য অতিরিক্ত কষ্ট করা উচিত নয়; যা ঘরে আছে, তা-ই হাসিমুখে পরিবেশন করা আদর্শ মেজবানের লক্ষণ। (মুসনাদে আহমদ, হাদিস: ১২৫০)

৪. শেষ পর্যন্ত সঙ্গ দেওয়া: মেহমান খাবার গ্রহণের সময় মেজবানের উচিত নিজে উপস্থিত থাকা এবং মেহমান যাতে স্বাচ্ছন্দ্যে খেতে পারেন, সেদিকে খেয়াল রাখা। আর বিদায় দেওয়ার সময় ঘরের দরজা পর্যন্ত এগিয়ে দেওয়া।

মেহমানের শিষ্টাচার

১. সময়ের সঠিক মূল্যায়ন: বিনা নোটিশে বা মেজবানের চরম ব্যস্ততার সময়ে হঠাৎ হাজির হয়ে তাঁদের বিব্রত না করা।

২. মেজবানের সাধ্যের প্রতি সম্মান: মেজবান যা পরিবেশন করেন, তাতেই সন্তুষ্ট থাকা এবং অতিরিক্ত কোনো ফরমায়েশ বা আবদার করে তাঁকে লজ্জায় না ফেলা।

৩. অনুমতি নিয়ে প্রস্থান: মেহমানদারি শেষ হওয়ার পর মেজবানের অনুমতি নিয়ে সময়মতো বিদায় নেওয়া, যাতে মেজবানের পারিবারিক গোপনীয়তা বা দৈনন্দিন কাজে ব্যাঘাত না ঘটে।

৪. দোয়া করা: যাওয়ার সময় মেজবানের কল্যাণ ও বরকতের জন্য দোয়া করা–এটি ইসলামের অন্যতম সুন্দর শিক্ষা। (সুনানে আবু দাউদ, হাদিস: ১৬৭২)

আধুনিক আতিথেয়তার সংকট

আধুনিক যান্ত্রিক জীবনযাত্রায় মানুষ ক্রমেই আত্মকেন্দ্রিক হয়ে পড়ছে। অ্যাপার্টমেন্ট সংস্কৃতির যুগে ফ্ল্যাটের দরজা অনেক সময় প্রতিবেশী বা অতিথির জন্য বন্ধ থাকে।

মানুষ এখন অতিথি আপ্যায়নকে একধরনের ঝঞ্ঝাট বা অতিরিক্ত খরচের মাধ্যম হিসেবে দেখতে শুরু করেছে।

অথচ ইসলাম আমাদের শেখায় যে অতিথি বরকত নিয়ে আসে এবং ঘরে মেহমান আসার অর্থ হলো রিজিক বৃদ্ধি পাওয়া। (সুনানে ইবনে মাজাহ, হাদিস: ৩২৫৫)

ডিজিটাল বা আধুনিকতার এই যুগেও মুসলিম ঐতিহ্যবাহী সমাজগুলো, বিশেষ করে গ্রামীণ জনপদ এবং মধ্যপ্রাচ্যের সংস্কৃতিতে মেহমানদারির সেই পুরোনো উষ্ণতা এখনো টিকে আছে।

তবে শহুরে জীবনেও এই শিষ্টাচার ফিরিয়ে আনা জরুরি। কর্মব্যস্ততার অজুহাতে আপনজন বা প্রতিবেশীদের এড়িয়ে না গিয়ে ছোট পরিসরে হলেও চা-নাস্তার আয়োজনের মাধ্যমে পারস্পরিক সম্পর্ক দৃঢ়? করা সম্ভব।

নবীজির নেতৃত্বের মৌলিক ১২ গুণ

আবদুল্লাহিল বাকি

ইসলামে নেতৃত্ব একটি পবিত্র আমানত এবং গুরুত্বপূর্ণ সামাজিক ও নৈতিক দায়িত্ব। রাসুল (সা.) ছিলেন সামগ্রিক আধ্যাত্মিক, সামাজিক, রাজনৈতিক ও সাংগঠনিক নেতৃত্বের অধিকারী। জীবনের সব ক্ষেত্রে তিনি আদর্শ।

তিনি প্রত্যেক মুসলিমকে নেতৃত্বের দায়িত্ব সম্পর্কে অবহিত করে বলেছেন, 'তোমাদের প্রত্যেকেই একজন দায়িত্বশীল; আর তোমরা প্রত্যেকেই নিজ অধীনস্থদের সম্পর্কে জিজ্ঞাসিত হবে।' (সহিহ বুখারি, হাদিস: ৭১৩৮)

নবীজির জীবনে নেতৃত্বের অনেকগুলো বৈশিষ্ট্য ছিল। সেখান থেকে অন্যতম ও মৌলিক কয়েকটি গুণাবলি এখানে তুলে ধরা হলো।

১. সততা ও বিশ্বস্ততা

নবীজির সততা ও বিশ্বস্ততা ছিল সর্বজনস্বীকৃত। তাঁর পরম শত্রুও তাঁকে মিথ্যাবাদী বলতে পারেনি এবং আল-আমিন (বিশ্বস্ত) উপাধিতে ভূষিত করেছিল। ব্যবসায়িক লেনদেন থেকে শুরু করে নেতৃত্বের সর্বোচ্চ পর্যায় পর্যন্ত তিনি সততা ও বিশ্বস্ততার সর্বোত্তম দৃষ্টান্ত স্থাপন করেছিলেন।

এ বিষয়ে সতর্ক করে মহানবী (সা.) বলেন, 'যার বিশ্বস্ততা নেই, তার ইমান নেই; আর যে প্রতিশ্রুতি রক্ষা করে না, তার ধার্মিকতা নেই।' (মুসনাদে আহমাদ, হাদিস: ১২৩৮৩)

২. দায়িত্বশীলতা ও জবাবদিহি

আবু জর (রা.) বলেন, আমি বললাম, 'আল্লাহর রাসুল, আপনি কি আমাকে কোনো (রাষ্ট্রীয়) পদে নিযুক্ত করবেন না?'

তখন তিনি তাঁর হাত দিয়ে আমার কাঁধে চাপ দিলেন এবং বললেন, 'আবু জর, তুমি তো একজন দুর্বল মানুষ (নেতৃত্বের ভার বহন করার ক্ষেত্রে) আর দায়িত্ব হলো একটি আমানত। আর কেয়ামতের দিন এটি হবে শুধুই লাঞ্ছনা ও অনুশোচনার কারণ। তবে সেই ব্যক্তির কথা ভিন্ন, যে ন্যায়ের সঙ্গে এই দায়িত্ব গ্রহণ করেছে এবং অর্পিত সব হক ও কর্তব্য যথাযথভাবে পালন করেছে।' (সহিহ মুসলিম, হাদিস: ১৮২৫)

৩. স্পষ্টভাষী

রাসুল (সা.) সাবলীল ও স্পষ্টভাবে কথা বলতেন ও যোগাযোগ করতেন, যাতে শ্রোতারা সহজে তাঁর উদ্দেশ্য ও বক্তব্য বুঝতে পারে। এ সম্পর্কে আনাস (রা.) বলেন, 'নবীজি যখন কোনো কথা বলতেন, তখন তিনি তা (প্রয়োজনবোধে) তিনবার পুনরাবৃত্তি করতেন, যাতে তাঁর কথাটি সঠিকভাবে বোঝা যায়।' (সহিহ বুখারি, হাদিস: ৯৫)

৪. বুদ্ধিমত্তার প্রয়োগ

রাসুল (সা.) ছিলেন অসাধারণ প্রজ্ঞা ও বিচক্ষণতার অধিকারী। হিজরতের আগে হাজরে আসওয়াদ স্থাপন নিয়ে কোরাইশদের মধ্যকার বিরোধ অত্যন্ত বুদ্ধিমত্তার সঙ্গে মেটানো এবং বিভিন্ন ঐতিহাসিক সন্ধি তাঁর অনন্য প্রজ্ঞার প্রমাণ বহন করে।

এ জন্যই তিনি বলেছেন, 'প্রজ্ঞাপূর্ণ বক্তব্য ও বিচক্ষণতা হলো মুমিনের হারানো ধন। যেখানেই সে তা পাবে, সেটির সবচেয়ে বেশি হকদার হবে সে-ই।' (সুনানে তিরমিজি: ২৬৮৭)

৫. ন্যায়বিচার নিশ্চিতকারী

ইনসাফ ছিল রাসুলের নেতৃত্বের অন্যতম প্রধান ভিত্তি। তিনি সামাজিক অবস্থান, বংশীয় মর্যাদা বা আর্থিক অবস্থার ভিত্তিতে কখনো কোনো বৈষম্য করেননি। আইনের দৃষ্টিতে ধনী-দরিদ্র, মুসলিম-অমুসলিম সবার সমান অধিকার নিশ্চিত করেছিলেন এবং ন্যায়বিচারের স্বার্থে আপন পরিবারের ওপরও আইন প্রয়োগের দৃঢ় ঘোষণা দিয়েছিলেন।

নিজেই বলেছেন, 'তোমাদের পূর্ববর্তী জাতিগুলো ধ্বংস হয়ে গিয়েছিল শুধু এই কারণে যে যখন তাদের মধ্যে কোনো সাধারণ ও দরিদ্র মানুষ চুরি করত, তখন তারা তার ওপর দণ্ডবিধি কার্যকর করত; আর যখন কোনো প্রভাবশালী ও ধনী ব্যক্তি চুরি করত, তখন তারা তাকে ছেড়ে দিত। সেই সত্তার শপথ, যাঁর হাতে আমার প্রাণ, যদি (নবী-কন্যা) ফাতিমাও চুরি করত, তবে আমি অবশ্যই তার হাত কেটে দিতাম।' (সহিহ বুখারি, হাদিস: ৬৭৮৭)

৬. দয়ালু ও সহানুভূতিশীল

সহানুভূতি ও দয়া ছিল নবীজির নেতৃত্বের প্রধানতম ভূষণ। তিনি সাহাবিদের ক্ষুদ্রতম দুঃখ বা কষ্টও অনুভব করতেন এবং তাঁদের জন্য চিন্তিত থাকতেন। কোরআনে আল্লাহ বলেন, 'তোমাদের মধ্য থেকেই তোমাদের নিকট একজন রাসুল এসেছেন, তোমাদের যা কিছু কষ্ট দেয়, তা তার নিকট খুবই কষ্টদায়ক। সে তোমাদের কল্যাণকামী, মুমিনদের প্রতি করুণাসিক্ত, বড়ই দয়ালু।' (সুরা তওবা, আয়াত: ১২৮)

৭. পরামর্শের মাধ্যমে সিদ্ধান্ত নেওয়া

পেশাদার জীবনে একক সিদ্ধান্ত চাপিয়ে না দিয়ে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সঙ্গে পরামর্শের মাধ্যমে কাজ করা রাসুলের নেতৃত্বের মৌলিক নীতি। তিনি সাহাবিদের সঙ্গে প্রতিটি গুরুত্বপূর্ণ প্রশাসনিক ও সামরিক সিদ্ধান্ত পরামর্শের (শুরা) মাধ্যমে গ্রহণ করতেন।

আবু হোরাইরা (রা.) বলেন, 'আমি নবীজির চেয়ে অন্য কাউকে তাঁর সঙ্গীদের সঙ্গে বেশি পরামর্শ করতে দেখিনি। নবীজির এই আদর্শের পরিপ্রেক্ষিতেই আল্লাহ বলেছেন, 'এবং তাদের (মুমিনদের) কাজসমূহ সম্পন্ন হয় নিজেদের পারস্পরিক পরামর্শের ভিত্তিতে' (সুরা শুরা, আয়াত: ৩৮)।" (সুনানে তিরমিজি, হাদিস: ১৭১৪)

৮. যোগ্যতার ভিত্তিতে দায়িত্ব বণ্টন

পেশাগত ক্ষেত্রে যেকোনো কাজের সফলতা নির্ভর করে সঠিক ব্যক্তিকে উপযোগী দায়িত্ব দেওয়ার ওপর। মহানবী (সা.) যোগ্যতা ও দক্ষতাকে অগ্রাধিকার দিতেন। অযোগ্য লোকের হাতে দায়িত্ব অর্পণ সমাজ বা জাতির ধ্বংস ডেকে আনে বলে তিনি সতর্ক করেছেন।

এক বেদুইন নবীজিকে প্রশ্ন করল, 'কেয়ামত কবে হবে?' তিনি বললেন, 'যখন আমানত (সততা ও বিশ্বাসযোগ্যতা) হারিয়ে যাবে, তখন কেয়ামতের অপেক্ষা কোরো।' বেদুইন লোকটি পুনরায় জিজ্ঞাসা করল, 'কীভাবে আমানত হারিয়ে যাবে?'

নবীজি উত্তর দিলেন, 'যখন কোনো দায়িত্বশীল পদ বা ক্ষমতা অযোগ্য ব্যক্তিদের হাতে অর্পণ করা হবে, তখন তুমি কেয়ামতের প্রতীক্ষা কোরো।' (সহিহ বুখারি, হাদিস: ৫৯)

৯. সেবামূলক নেতৃত্ব

নবীজির দৃষ্টিতে নেতৃত্ব হলো মানুষের সেবা করার সুবর্ণ সুযোগ। একজন নেতা নিজেকে প্রভু ভাববেন না, বরং অধীনস্থদের কল্যাণের জন্য নিবেদিতপ্রাণ সেবক মনে করবেন।

তিনি বলেছেন, 'সফর অবস্থায় দলের নেতাই হলেন মূলত তাঁদের সেবক। সুতরাং যে ব্যক্তি সেবা করার মাধ্যমে অগ্রগামী হয়, অন্য কোনো আমল দিয়ে তাকে ছাপিয়ে যাওয়া সম্ভব নয়–একমাত্র শহীদ হওয়া ছাড়া।' (শুআবুল ইমান, হাদিস: ৮০৫০)

১০. দলগত কাজে সক্রিয় অংশগ্রহণ

তিনি সাহাবিদের শুধু আদেশ করতেন না, বরং নিজে দলের সঙ্গে সক্রিয়ভাবে যুক্ত থেকে কাজ করে জীবন্ত আদর্শ স্থাপন করতেন। মসজিদে নববি নির্মাণ বা খন্দকের যুদ্ধের পরিখা খননে তিনি সাহাবিদের সঙ্গে সমানভাবে মাটি কেটেছেন এবং পাথর বহন করেছেন।

বারা (রা.) বলেন, 'খন্দকের যুদ্ধের দিন আমি নবীজিকে মাটি বহন করতে দেখেছি। মাটি বহন করতে করতে তাঁর পেট ধুলাবালিতে সম্পূর্ণ ঢেকে গিয়েছিল।' (সহিহ বুখারি, হাদিস: ৪১০৪)

১১. মার্জিত পদ্ধতিতে ভুল সংশোধন

কারও ভুলত্রুটি জনসমক্ষে বা সরাসরি নাম উল্লেখ করে লজ্জিত না করে মার্জিত ও পরোক্ষভাবে সংশোধন করার এক অনন্য শিক্ষা মহানবী (সা.) দিয়েছেন। তিনি ভুলকারীর নাম প্রকাশ না করে সবার উদ্দেশে নসিহতের মাধ্যমে বা ব্যক্তিগতভাবে বুঝিয়ে দিতেন।

আয়েশা (রা.) বলেন, একবার নবীজি নিজে কোনো কাজ করলেন এবং অন্যদের সেটা করার অনুমতি দিলেন। তা সত্ত্বেও একদল লোক তা থেকে বিরত রইল। এ সংবাদ তাঁর কাছে পৌঁছলে তিনি ভাষণ দিলেন এবং আল্লাহর প্রশংসার পর বললেন, 'কিছু লোকের কী হয়েছে, তারা এমন কাজ থেকে বিরত থাকতে চায়, যা আমি নিজে করছি। শপথ কোদার, আমি আল্লাহ সম্পর্কে তাদের থেকে বেশি জানি এবং আমি তাদের চেয়ে অনেক অধিক তাঁকে ভয় করি।' (সহিহ বুখারি, হাদিস: ৬১০১)

১২. অধীনস্থদের প্রতি সহানুভূতি

অধীনস্থদের সঙ্গে অত্যন্ত মানবিক আচরণ করা এবং তাদের সাধ্যের অতিরিক্ত কাজের বোঝা না চাপানো নববি আদর্শের অংশ। অধীনস্থদের ভাইয়ের মর্যাদা দিয়ে তাদের সুযোগ-সুবিধা দিতে হবে ও কষ্টের খেয়াল রাখতে হবে।

আনাস (রা.) বলেন, 'আমি ১০ বছর নবীজির খেদমত করেছি। কিন্তু তিনি কখনো আমার প্রতি "উফ" শব্দটিও করেননি। এ কথা জিজ্ঞাসা করেননি, তুমি এ কাজ কেন করলে এবং কেন করলে না?' (সহিহ বুখারি, হাদিস: ৬০৩৮)

রাসুল (সা.) বলেছেন, 'মনে রেখো, তোমাদের অধীনস্থরা তোমাদের ভাই। আল্লাহ তাদের তোমাদের আশ্রয়ে রেখেছেন। সুতরাং এমন কোনো ভাইয়ের অভিভাবকত্ব বা পরিচালনার ভার যদি কারও ওপর অর্পিত থাকে, তবে সে যেন তাকে তাই খাওয়ায় যা সে নিজে আহার করে, আর তাকে তেমনই পোশাক পরতে দেয় যেমনটা সে নিজে পরিধান করে। তোমরা তাদের ওপর তাদের সাধ্যাতীত কোনো কষ্টের কাজ চাপিয়ে দিও না। যদি কখনো কঠিন কাজের দায়িত্ব দাও, তবে নিজেরা হাত বাড়িয়ে দিয়ে তাদের সহযোগিতা করো।' (সহিহ বুখারি, হাদিস: ৩০)

শেষকথা

নবীজির নেতৃত্বের এসব মৌলিক গুণ যেকোনো যুগের নেতৃত্ব, শাসনব্যবস্থা ও প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনার জন্য এক কালজয়ী রূপরেখা। সততা, ইনসাফ, কল্যাণকামিতা ও সেবাবোধের সমন্বয়ে গঠিত তাঁর এই আদর্শ অনুসরণ করলেই সমাজের প্রতিটি স্তরে ন্যায়বিচার, শান্তি ও শৃঙ্খলা প্রতিষ্ঠা করা সম্ভব।

চাঁদপুর আল আমিন হাসপাতাল (প্রাঃ) লিঃ
CHANDPUR AL-AMIN HOSPITAL
আল-আমিন একাডেমী ছাত্রী শাখার পার্শ্বে, নতুন বাজার, চাঁদপুর।
মোবাইল: ০১৭১২১২৯৩২০
বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

ডাক্তারগণের নাম	বিশেষজ্ঞ	রোগী দেখার সময়
ডাঃ মুহাম্মদ সালাহ্ উদ্দিন সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান নাক, কান, গলা ও হেড নেক সার্জারী বিভাগ শেরে-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল	নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড নেক সার্জন কানের সার্জারীতে ও লেজার সার্জারী বিশেষজ্ঞ	প্রতি মাসে ১ম ও ৩য় শুক্রবার দুপুর ৪ টা হইতে রাত ৮টা
ডাঃ আনোয়ার হোসেন এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), এমপিএইচ(বিএসএমএমইউ) সার্টিফাইভ ফেলো কার্ডিওলজী ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন, ঢাকা (জনস্বাস্থ্য বিশেষজ্ঞ) মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।	মেডিসিন, নিউরোমেডিসিন, হৃদরোগ, বাতজ্বর, বক্ষব্যাধি, চর্ম ও যৌন রোগ বিশেষজ্ঞ	প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ এ.এইচ.এম ফেরদৌস নুর (কাউছার) এমবিবিএস(সিএমসি), বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস(ইএনটি) জাতীয় নাক, কান, গলা, ইনস্টিটিউট তেজগাঁও, ঢাকা (এক্স)। ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। মোবাইল: ০১৯১৮-০২২৮৪৩ (ব্যক্তিগত)	নাক, কান, গলা, মুখ গহ্বর, ঘাড় ও মাথা ব্যাথা রোগ বিশেষজ্ঞ এবং হেড নেক সার্জন	প্রতিদিন দুপুর ২টা হইতে রাত ৯টা
ডাঃ মোঃ সাদ্দাম হোসেন তালুকদার এমবিবিএস, বিসিএস(স্বাস্থ্য) এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পজিটি রেসপিরেটরি মেডিসিন) এমএস রেসিডেন্ট থোরাসিক সার্জারী) মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা। জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।	মেডিসিন, এ্যাজমা, হাঁপানী, শ্বাসকষ্ট, যক্ষা ও বক্ষব্যাধি রোগের চিকিৎসক ও থোরাসিক সার্জন	প্রতিদিন দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডাঃ আজমিরা বেগম এমবিবিএস(ঢামেক), বিসিএস(স্বাস্থ্য) এম এস (গাইনী এন্ড অবস্) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। বিএমডিসি রেজিঃ নং- এ-৫৫১৭০	স্ত্রী, প্রসূতিরোগ বিশেষজ্ঞ এবং সার্জন	প্রতিদিন দুপুর ৩টা থেকে রাত ৭টা পর্যন্ত
ডাঃ দ্বীন ইসলাম এমবিবিএস (সিইউ) ডিসিএইচ (ঢাকা শিশু হাসপাতাল) স্পেশাল ট্রেনিং ইন এনআইসিইউ এন্ড পিআইসিইউ সহকারী অধ্যাপক মনোয়ারা সিকদার মেডিকেল কলেজ ও হাসপাতাল	নবজাতক শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ	প্রতি রবিঃ থেকে বুধবার।

আমাদের বৈশিষ্ট্য সমূহ
- অভিজ্ঞ ডিপ্লোমাধারী প্যাথলজি টেকনিশিয়ানের মাধ্যমে সকল প্রকার পরীক্ষা-নিরীক্ষা করা হয়।
- আউটডোরে ২৪ ঘন্টা একজন এম.বি.বি.এস ডাক্তারের অবস্থান।
- নরমাল ডেলিভারীর ব্যবস্থা।
- বিশেষজ্ঞ ডাক্তারদের চেম্বার সুবিধা।
- সার্বক্ষণিক রোগী ভর্তির ব্যবস্থা।
- স্বল্প ব্যয়ে সবধরনের অপারেশন সুবিধ।

সবধরনের অপারেশন ও পরীক্ষার নির্ভরযোগ্য প্রতিষ্ঠান